সত্যের সন্ধানে প্রতিদিন

# দৈনিক মাতৃকণ্ঠ

THE DAILY MATRIKANTHA

সরকারী মিডিয়া তালিকাভুক্ত

www.matrikantha.com www.facebook.com/thedailymatrikantha

মাতৃকণ্ঠ এ্যাডভারটাইজিং

বহুল প্রচারিত বাংলা ও ইংরেজী জাতীয় দৈনিক এবং রাজবাড়ী জেলায় সর্বাধিক প্রচারিত স্থানীয় দৈনিক মাতৃকণ্ঠ, সাপ্তাহিক সাহসী সময় ও সাপ্তাহিক রাজবাড়ী সংবাদ পত্রিকায় সুলভ মূল্যে সরকারী-বেসরকারী প্রতিষ্ঠানসহ ব্যক্তিগত সকল প্রকার বিজ্ঞাপন প্রকাশের নির্ভরযোগ্য প্রতিষ্ঠান।

যোগাযোগ ঃ দৈনিক মাতৃকণ্ঠ

কার্যালয় ঃ রাজবাড়ী কেন্দ্রীয় সমবায় ব্যাংক ভবন(নিচতলা), প্রধান সড়ক, রাজবাড়ী।
ফোন অফিস ঃ ০২৪৭৮৮০৮০৭০, ০২৪৭৮৮০৭৩৭৪, মোবাইল ঃ ০১৭১৩৪৮৯৪৭২

রেজিঃ নং-কেএন ৪১০ ■ রাজবাড়ী ■ ২০ বর্ষ ■ ১৬৪ সংখ্যা ■ শুক্রবার ■ ০৬ বৈশাখ ১৪৩১ বাংলা ■ ১৯ এপ্রিল ২০২৪ইং ■ ৪ পৃষ্ঠা ■ মূল্য ৭ টাকা



গতকাল রাজধানীর শেরেবাংলা নগরে পুরাতন বাণিজ্য মেলার মাঠে প্রাণিসম্পদ সেবা সপ্তাহ ও প্রদর্শনী উদ্বোধন শেষে বিভিন্ন স্টল ঘুরে দেখেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা -পিআইডি

### প্রাণিসম্পদ সেবা সপ্তাহ ও প্রদর্শনী উদ্বোধনী অনুষ্ঠানে প্রধানমন্ত্রী

## বিএনপি সরকারের চিন্তাই ছিলো অন্যের মুখাপেক্ষী হয়ে থাকা

**নিজস্ব প্রতিবেদক**

আওয়ামী লীগ দেশকে খাদ্যে স্বয়ংসম্পূর্ণ করলেও বিএনপি সেটি চায়নি বলে মন্তব্য করেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। তিনি বলেন, বিএনপি সরকারের চিন্তাই ছিলো অন্যের মুখাপেক্ষী হয়ে থাকা। শেখ হাসিনা বলেন, ৪০ লাখ মেট্রিক টন খাদ্য ঘাটতি পূরণ করেও বাংলাদেশকে আমরা উদ্বৃত্ত খাদ্যের দেশে উন্নীত করি। পার্লামেন্টে যেদিন আমি ঘোষণা দিলাম, আজ থেকে বাংলাদেশ খাদ্যে স্বয়ংসম্পূর্ণ সে দিন বিএনপি বিরোধী দলে। তাদের অর্থমন্ত্রী সাইফুর রহমান উঠে দাঁড়িয়ে বললেন, খাদ্যে স্বয়ংসম্পূর্ণ হওয়া ভালো না, তাহলে খাদ্য সহায়তা পাওয়া যাবে

(২-এর পাতায় দেখুন)

### রাজবাড়ী সদর উপজেলায় অন্তার মোড়ে

## পদ্মা নদীতে গোসল করতে ডিপ্লোমা শিক্ষার্থীর মৃত্যু

**৷৷স্টাফ রিপোর্টার৷৷** রাজবাড়ী সদর উপজেলায় বরাট ইউনিয়নের অন্তারমোড় এলাকায় গতকাল ১৮ই এপ্রিল দুপুরে পদ্মা নদীতে বন্ধুদের সাথে গোসল করতে গিয়ে নদীতে ডুবে মোঃ সরোয়ার উদ্দিন সোহান(২৫) নামে এক যুবকের মৃত্যু হয়েছে। মৃত সরোয়ার উদ্দিন সোহান রাজবাড়ী সদর উপজেলার পাঁচুরিয়া ইউনিয়নের চর আন্ধারমানিক গ্রামের মৃত রশিদ মোল্লার ছেলে। সোহান ফরিদপুর পলিটেকনিক্যাল ইনস্টিটিউটের সিভিল বিভাগের ছাত্র ছিলেন।



সোহানের মামাতো ভাই পারভেজ উল্লাহ জানান, সোহান তার ৭/৮ জন বন্ধুদের সাথে গতকাল বৃহস্পতিবার দুপুরে নিজ এলাকা থেকে রাজবাড়ী সদর উপজেলার বরাট ইউনিয়নের অন্তরমোড় এলাকায় পদ্মা নদীতে গোসল করতে যায়। তারা সেখানে গিয়ে আড্ডা দেওয়ার পাশাপাশি ছবিও তোলেন। ওই সময় স্থানীয় বেশি কিছু লোকও গোসল করছিল। এরই মাঝে হঠাৎ করেই তাকে খুঁজে পাওয়া যাচ্ছিল না। পরে আশপাশসহ নদীতে তাকে খোঁজাখুজি শুরু করলে এক পর্যায়ে পদ্মা নদী থেকে ডুবন্ত অবস্থায় তাকে উদ্ধার করে রাজবাড়ী সদর হাসপাতালে নিয়ে আসা হয়। সেখানে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন।

রাজবাড়ী সদর হাসপাতালের সিনিয়র স্টাফ নার্স আব্দুল্লাহ আল মামুন জানান, জরুরী বিভাগের চিকিৎসক পরীক্ষা-নিরীক্ষা শেষে সোহানকে মৃত ঘোষণা করেন।

রাজবাড়ী থানার পরিদর্শক(তদন্ত) মোঃ এসরাকুল ইসলাম বলেন, আমরা বিষয়টি খতিয়ে দেখছি।

### সদর উপজেলা প্রাণিসম্পদ দপ্তরের আয়োজনে

## রাজবাড়ীতে প্রাণিসম্পদ সেবা সপ্তাহ ও প্রদর্শনীর উদ্বোধন



রাজবাড়ীতে গতকাল ১৮ই এপ্রিল সকালে প্রাণিসম্পদ সেবা সপ্তাহ ও প্রদর্শনী-২০২৪ এর উদ্বোধনীতে জেলা প্রশাসক আবু কায়সার খান ৮জন খামারীর মাঝে মিল্কিং মেশিন বিতরণ করেন -মাতৃকণ্ঠ

**৷৷মীর সামসুজ্জামান সৌরভ৷৷** 'প্রাণি সম্পদে ভরবো দেশ, গড়বো স্মার্ট বাংলাদেশ' এ প্রতিপাদ্যকে সামনে রেখে রাজবাড়ী সদর উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল প্রাঙ্গণে গতকাল ১৮ই এপ্রিল সকালে প্রাণিসম্পদ সেবা সপ্তাহ ও প্রদর্শনী-২০২৪ এর উদ্বোধন করা হয়েছে।

সেবা সপ্তাহের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে রাজবাড়ী জেলা প্রশাসক আবু কায়সার খান বক্তব্য রাখেন।

এ সময় ৮জন খামারীর মাঝে মিল্কিং মেশিন ও ৩জন সর্বাধিক প্রাণিসম্পদ তথ্য সুমারীর মাঝে পুরস্কার বিতরণ করা হয়।

রাজবাড়ী সদর উপজেলার নির্বাহী অফিসার মোঃ রবিউল আলমের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে জেলা প্রাণি সম্পদ কর্মকর্তা ডাঃ

(২-এর পাতায় দেখুন)



রাজবাড়ী একাডেমির আয়োজনে গতকাল ১৮ই এপ্রিল বিকালে সরকারী উচ্চ বিদ্যালয়ের মাঠে ৯ম বাংলা উৎসব উদ্বোধন করেন অর্থনীতিবিদ, রবীন্দ্র গবেষক ও বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্ণর ড. আতিউর রহমান সহ অন্যান্য অতিথিবৃন্দ -মাতৃকণ্ঠ

### রাজবাড়ী একাডেমির আয়োজিত ৩দিন ব্যাপী ৯ম বাংলা উৎসর উদ্বোধন

## সোনার মানুষ গড়ার জন্য আমাদের শিক্ষা ব্যবস্থাকে ব্যবহার করতে হবে

— সাবেক গভর্ণর ড. আতিউর রহমান

**৷৷রফিকুল ইসলাম/সুজন বিষ্ণু৷৷** রাজবাড়ীতে শুদ্ধ ও যথাযথভাবে মাতৃভাষার চর্চা, বাংলা সাহিত্যের প্রতি তরুণ প্রজন্মকে উৎসাহিত এবং এ সাহিত্যেকে আরও বিকশিত করার লক্ষ্যে শুরু হয়েছে তিনদিন ব্যাপী দিনব্যাপী ৯ম বাংলা উৎসব।

গতকাল ১৮ই এপ্রিল বিকালে রাজবাড়ী সরকারী উচ্চ বিদ্যালয়ের মাঠে প্রধান অতিথি হিসেবে এ উৎসবের উদ্বোধন করেন অর্থনীতিবিদ, রবীন্দ্র গবেষক ও বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্ণর ড. আতিউর রহমান।

এর আগে রাজবাড়ী সরকারী উচ্চ বিদ্যালয় থেকে বর্ণাঢ্য শোভাযাত্রা বের করা হয়। শোভাযাত্রাটি শহরের পান্না চত্বর হয়ে ১নং রেলগেট প্রদক্ষিণ করে একই স্থানে এসে শেষ হয়। অনুষ্ঠানের শুরুতে প্রধান অতিথি

(২-এর পাতায় দেখুন)

## ৬৪ জেলার স্কুল শিক্ষার্থীদের গল্প-প্রবন্ধ নিয়ে সাময়িকী প্রকাশনা করবে বাংলা একাডেমি

**৷৷স্টাফ রিপোর্টার৷৷** দেশের ৬৪ জেলার স্কুল পর্যায়ের ছাত্র ও ছাত্রীদের কাছ থেকে কবিতা, গল্প ও প্রবন্ধ সংগ্রহ করে প্রতি জেলার জন্য একটি করে সাময়িকী প্রকাশনা করবে বাংলা একাডেমি।

গতকাল ১৮ই এপ্রিল দ্বাদশ জাতীয় সংসদের 'সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটি'র দ্বিতীয় বৈঠক এ সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে।

সংসদ ভবনে অনুষ্ঠিত বৈঠকে কমিটির সভাপতি আসাদুজ্জামান নূরের সভাপতিত্বে কমিটির সদস্য চয়ন ইসলাম, মোঃ সাদ্দাম হোসেন(পাভেল), মোছাঃ জান্নাত আরা হেনরী, মোঃ নাঈমুজ্জামান ভুঁইয়া, মোঃ কামারুল আরেফিন, সৈয়দ সায়েদুল হক এবং অনিমা মুক্তি গমেজ অংশগ্রহণ করেন।

বৈঠকে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের চলমান প্রকল্প ও অনুমোদনের অপেক্ষায় প্রকল্পসমূহের তালিকা এবং বর্তমান অবস্থা, বাংলাদেশ শিল্পকলা একাডেমির জেলা পর্যায়ে গঠিত কমিটিতে নেতৃত্ব প্রদানকারীর তালিকা, দেশের বিভিন্ন স্থানের শিল্পকলা একাডেমিগুলোর অডিটোরিয়ামের প্রয়োজনীয় সংস্কার এবং জনবলের ব্যবস্থা গ্রহণের জন্য কমিটি মন্ত্রণালয়কে সুপারিশ করে।

বৈঠকে সংস্কৃতি মন্ত্রণালয়ের চলমান প্রকল্পসমুহের কাজের অগ্রগতিতে কমিটি থেকে অবশিষ্ট কাজসমূহ দ্রুত সম্পন্ন করার জন্য মন্ত্রণালয়ের সংশ্লিদের সুপারিশ করা হয়। ভবিষ্যৎ কর্মপরিকল্পনা এবং গত বৈঠকের সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কে

(২-এর পাতায় দেখুন)

## মাতৃভূমি রক্ষা করা আমাদের প্রধান কর্তব্য

— সেনাপ্রধান

**নিজস্ব প্রতিবেদক**

সেনাবাহিনী প্রধান জেনারেল এস এম শফিউদ্দিন আহমেদ বলেছেন, বাংলাদেশের পররাষ্ট্রনীতি অর্জনে অবদান রাখতে এবং দেশকে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বপ্নের সোনার বাংলায় পরিণত করায় অবদান রাখতে বাংলাদেশ সেনাবাহিনী সবকিছু করছে। গতকাল বৃহস্পতিবার বাংলাদেশ ইনস্টিটিউট অব ইন্টারন্যাশনাল

(২-এর পাতায় দেখুন)

## সয়াবিন তেলের দাম বোতলে বেড়েছে ৪ টাকা

**নিজস্ব প্রতিবেদক**

খোলা সয়াবিন তেলের দাম লিটার প্রতি ২ টাকা কমানোর ঘোষণা দিয়েছে বাণিজ্য মন্ত্রণালয়। তবে বোতলজাত সয়াবিন তেলের দাম প্রতি লিটারে বাড়ানো হয়েছে ৪ টাকা। গতকাল বৃহস্পতিবার সচিবালয়ে এক জরুরি সংবাদ সম্মেলনে সয়াবিন তেলের নতুন এই দাম ঘোষণা করেন বাণিজ্য প্রতিমন্ত্রী আহসানুল ইসলাম টিটু। নতুন নির্ধারিত দাম অনুযায়ী, বোতলজাত সয়াবিন তেলের দাম

(২-এর পাতায় দেখুন)

## রাজবাড়ীতে ৪৫তম জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ উদযাপনে জেলা কমিটির সভা অনুষ্ঠিত



৪৫তম জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ উদযাপন উপলক্ষ্যে রাজবাড়ী জেলা প্রশাসনের আয়োজনে গতকাল ১৮ই এপ্রিল বিকালে কালেক্টরেটের সম্মেলন কক্ষে জেলা প্রশাসক আবু কায়সার খানের সভাপতিত্বে জেলা কমিটির সভা অনুষ্ঠিত হয় -মাতৃকণ্ঠ

**৷৷মীর সামসুজ্জামান সৌরভ৷৷** রাজবাড়ী জেলা প্রশাসনের আয়োজনে গতকাল ১৮ই এপ্রিল বিকালে কালেক্টরেটের সম্মেলন কক্ষে ৪৫তম জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ উদযাপন উপলক্ষ্যে জেলা কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে।

জেলা প্রশাসক আবু কায়সার খানের সভাপতিত্বে সভায় অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব, শিক্ষা ও আইসিটি) জয়ন্তী রূপা রায়, জেলা শিক্ষা অফিসার মোঃ হাবিবুর রহমান, সহকারী কমিশনার(শিক্ষা শাখা) মোহাঃ জাহাঙ্গীর আলম বাবু, সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট নাহিদ আহমেদ, সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট(আইসিটি শাখা) মোঃ পলাশ উদ্দিন, রাজবাড়ী সরকারী

(২-এর পাতায় দেখুন)



প্রধান বিচারপতি ওবায়দুল হাসান গতকাল ১৮ই এপ্রিল সুপ্রিম কোর্ট জাজেস লাউঞ্জে বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের সদস্য হিসেবে অধ্যাপক ড. প্রদীপ কুমার পান্ডেকে শপথ বাক্য পাঠ করান -মাতৃকণ্ঠ

## শপথ নিলেন পিএসসি'র সদস্য প্রদীপ কুমার পান্ডে

**৷৷স্টাফ রিপোর্টার৷৷** বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের (পিএসসি) সদস্য হিসেবে শপথ নিয়েছেন অধ্যাপক ড. প্রদীপ কুমার পান্ডে।

গতকাল ১৮ই এপ্রিল সুপ্রিম কোর্ট জাজেস লাউঞ্জে প্রধান বিচারপতি ওবায়দুল হাসান তাকে শপথ বাক্য পাঠ করান।

শপথ অনুষ্ঠান সঞ্চালনা করেন সুপ্রিম কোর্টের রেজিস্ট্রার জেনারেল মোঃ গোলাম রব্বানী। এ সময় পিএসসি'র চেয়ারম্যান মোঃ সোহরাব হোসাইনসহ অন্যান্য সদস্যবৃন্দ ও সুপ্রিম কোর্ট রেজিস্ট্রির কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

সাবেক রাজশাহী বিশ্ববিদ্যালয়ের গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের অধ্যাপক ড. প্রদীপ কুমার পান্ডে গত ১৯শে মার্চ পিএসসির সদস্য হিসেবে নিয়োগ পান। এর আগে তিনি বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ দপ্তরের প্রশাসক পদে দায়িত্বরত ছিলেন।

প্রদীপ কুমার পান্ডে ১৯৮৯ সালে এসএসসি পাস করেন। ১৯৯১ সালে এইচএসসি পরীক্ষায় রাজশাহী

(২-এর পাতায় দেখুন)

## উপজেলা নির্বাচন করতে মানা মন্ত্রী-এমপির স্বজনদের

**নিজস্ব প্রতিবেদক**

উপজেলা পরিষদ নির্বাচন অবাধ, সুষ্ঠু, নিরপেক্ষ এবং প্রতিদ্বন্দ্বিতামূলক করতে দলীয় মন্ত্রী ও সংসদ সদস্যদের পরিবারের সদস্য এবং আত্মীয়-স্বজনকে নির্বাচন না করতে নির্দেশ দিয়েছে আওয়ামী লীগ। যারা এ নির্দেশ অমান্য করে নির্বাচন করবে, তাদের বিরুদ্ধে দল বহিষ্কারাদেশসহ কঠোর সাংগঠনিক ব্যবস্থা নেবে বলে জানানো হয়েছে। আওয়ামী লীগের সভাপতি শেখ হাসিনার নির্দেশনা পেয়ে গতকাল বৃহস্পতিবার রাজধানীর ধানমন্ডিতে আওয়ামী লীগ সভাপতির রাজনৈতিক কার্যালয়ে বৈঠক করেন দলের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের। বৈঠকে দলের সাংগঠনিক সম্পাদক, দপ্তর সম্পাদক ও উপ-দপ্তর সম্পাদকরা উপস্থিত ছিলেন। ওবায়দুল কাদের সাংগঠনিক সম্পাদক ও দপ্তর সম্পাদককে সারা দেশে মন্ত্রী ও সংসদ সদস্যদের মধ্যে যাদের স্বজন ও পরিবারের সদস্য নির্বাচন করছেন, সে তালিকা তৈরির নির্দেশ দেন। এ সময় তাৎক্ষণিকভাবে মাদারীপুর সদরের সংসদ সদস্য ও দলের সভাপতিমণ্ডলীর সদস্য শাজাহান খান এবং নোয়াখালীর একরামুল করিম চৌধুরীকে ফোন করে দলীয় সিদ্ধান্তের কথা জানান সংশ্লিষ্ট বিভাগের দায়িত্বপ্রাপ্ত সাংগঠনিক সম্পাদক। এবার চার পর্বে উপজেলা পরিষদ নির্বাচন হচ্ছে। প্রথম পর্বে ১৫০টি উপজেলায় ভোট হবে।

দলীয় সূত্র বলছে, উপজেলা নির্বাচনে মূল লক্ষ্য ছিলো সবার অংশগ্রহণ নিশ্চিত করা এবং নির্বাচন প্রভাবমুক্ত রাখা। কিন্তু

(২-এর পাতায় দেখুন)



যুক্তরাষ্ট্রের নিউইয়র্কস্থ বাংলাদেশ কনস্যুলেট জেনারেলে গত ১৭ই এপ্রিল যথাযোগ্য মর্যাদায় ঐতিহাসিক মুজিবনগর দিবস পালিত হয়েছে -মাতৃকণ্ঠ

## নিউইয়র্কস্থ বাংলাদেশ কনস্যুলেটে ঐতিহাসিক মুজিবনগর দিবস পালিত

**৷৷নিউইয়র্ক প্রতিনিধি৷৷** যুক্তরাষ্ট্রের নিউইয়র্কস্থ বাংলাদেশ কনস্যুলেট জেনারেলে গত ১৭ই এপ্রিল যথাযোগ্য মর্যাদায় ঐতিহাসিক মুজিবনগর দিবস পালিত হয়েছে।

দিবসটি উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে দিবসটির গুরুত্ব ও তাৎপর্যের কথা উল্লেখ করা হয়। প্রথমেই রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর বাণী পাঠ করা হয়।

কনসাল জেনারেল মোঃ নাজমুল

(২-এর পাতায় দেখুন)

## বিএনপির আন্দোলন শেষ হয়নি

— রিজভী

**নিজস্ব প্রতিবেদক**

বিএনপির আন্দোলন এখনও শেষ হয়নি বলে মন্তব্য করেছেন দলটির সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী। তিনি বলেন, আমাদের আন্দোলন তো এখনও শেষ হয়নি। এখনও আন্দোলনে রয়েছি। আমরা এখনও টার্গেটে পৌঁছাতে পারিনি। গতকাল বৃহস্পতিবার রাজধানীর উত্তরা ঢাকা মহানগর উত্তর অন্তর্গত ৭টি থানার কারা নির্যাতিত নেতাদের সঙ্গে ঈদ পুনর্মিলনী অনুষ্ঠানে এসব কথা বলেন তিনি। ঢাকা মহানগর বিএনপির নেতা মোস্তফা জামানের উদ্যোগে এই অনুষ্ঠানের আয়োজন করা হয়। রিজভী বলেন, গত বছরের ২৮ অক্টোবর থেকে চলতি বছরের ২৭ জানুয়ারি পর্যন্ত আইনশৃঙ্খলা বাহিনীর গুলিতে বিএনপির ২০ জন নেতাকর্মী প্রাণ হারিয়েছে। কয়েক হাজার লোক পুঙ্গত্ব বরণ করেছে। অনেকে আইনশৃঙ্খলা বাহিনীর

(২-এর পাতায় দেখুন)




সত্যের সন্ধানে প্রতিদিন

# দৈনিক মাতৃকণ্ঠ

THE DAILY MATRIKANTHA

সরকারী মিডিয়া তালিকাভুক্ত

www.matrikantha.com www.facebook.com/thedailymatrikantha

রেজিঃ নং-কেএন ৪১০ ■ রাজবাড়ী ■ ২০ বর্ষ ■ ১৬৪ সংখ্যা ■ শুক্রবার ■ ০৬ বৈশাখ ১৪৩১ বাংলা ■ ১৯ এপ্রিল ২০২৪ইং ■ ৪ পৃষ্ঠা ■ মূল্য ৭ টাকা

## ঘরে বসে আয়ের প্রলোভন সবাই সব জেনেও চুপ!

ডেস্ক রিপোর্ট

সংসারের বাড়তি খরচ সামলাতে যখন হিম-শিম খেতে হচ্ছে, তখন না চাইতেই হঠাৎ করে বাড়তি আয়ের সুযোগ যেনো মেঘ না চাইতেই বৃষ্টি! চাকরির পাশাপাশি ঘরে বসেই কোনও কাজ করলে বাড়তি আয় করা তো মন্দ নয়। আর চাকরি প্রত্যাশী, শিক্ষার্থী

(২-এর পাতায় দেখুন)






রাজবাড়ী জেলার পাংশা, গোয়ালন্দ, কালুখালী ও বালিয়াকান্দি উপজেলায় গতকাল ১৮ই এপ্রিল প্রাণিসম্পদ সেবা সপ্তাহ-২০২৪ ও প্রদর্শনীর উদ্বোধন করা হয়েছে -মাতৃকণ্ঠ

# রাজবাড়ীর চারটি উপজেলায় প্রাণিসম্পদ সেবা সপ্তাহ-২০২৪ ও প্রদর্শনীর উদ্বোধন

**॥মাতৃকণ্ঠ ডেস্ক॥** রাজবাড়ী জেলার চারটি উপজেলাতে গতকাল ১৮ই এপ্রিল প্রাণিসম্পদ সেবা সপ্তাহ-২০২৪ ও প্রদর্শনীর উদ্বোধন করা হয়েছে।

এ বিষয়ে রাজবাড়ী জেলার পাংশা, গোয়ালন্দ, কালুখালী ও বালিয়াকান্দি উপজেলা প্রতিনিধিদের পাঠানো খবরে বিস্তারিত-

**পাংশা প্রতিনিধি ঃ** পাংশা উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতালের উদ্যোগে গতকাল ১৮ই এপ্রিল 'প্রাণিসম্পদে ভরবো দেশ, গড়বো স্মার্ট বাংলাদেশ' প্রতিপাদ্যকে সামনে রেখে প্রাণিসম্পদ সেবা সপ্তাহ ও প্রদর্শনী-২০২৪ অনুষ্ঠিত হয়েছে।

জানা যায়, সকাল ১০টায় মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক দেশব্যাপী "প্রাণিসম্পদ সেবা সপ্তাহ ও প্রদর্শনী-২০২৪ এর শুভ উদ্বোধন(বিটিভি থেকে সরাসারি সম্প্রচার) অনুষ্ঠান উপভোগ করা হয়।

এরপর পাংশা উপজেলা নির্বাহী অফিসার মোহাম্মদ জাফর সাদিক চৌধুরীর সভাপতিত্বে এবং ভেটেরিনারি সার্জন ডাঃ মোঃ মোত্তালেব আলীর উপস্থাপনায় আলোচনা সভায় হাবাসপুর ইউপির চেয়ারম্যান আল মামুন খান ও খামারী মোঃ মনিরুজ্জামান বক্তব্য রাখেন। স্বাগত বক্তব্য রাখেন পাংশা উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা মোঃ শাহাদাৎ হোসেন।

আলোচনা অনুষ্ঠানে পাংশার এসিল্যান্ড মোঃ মাসুদুর রহমান রুবেল, মৌরাট ইউপির চেয়ারম্যান মোঃ হাবিবুর রহমান প্রামানিক, কৃষি কর্মকর্তা কৃষিবিদ রতন কুমার ঘোষ, প্রাণিসম্পদ সম্প্রসারণ কর্মকর্তা ডাঃ মোঃ রাজিবুল হক, উপজেলা প্রশাসনের বিভিন্ন দপ্তরের কর্মকর্তাগণ, প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতালের কর্মকর্তা-কর্মচারীবৃন্দ, খামারিবৃন্দ এবং বিভিন্ন শ্রেণী পেশার লোকজন উপস্থিত ছিলেন।

(৩-এর পাতায় দেখুন)

## ভিক্ষুক জাতির কখনও ইজ্জত থাকে না : প্রধানমন্ত্রী

নিজস্ব প্রতিবেদক

ভিক্ষুক জাতির ইজ্জত থাকে না মন্তব্য করে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, বিশ্ব দরবারে মাথা উঁচু করে চলতে চায় বাংলাদেশ। প্রাণিসম্পদ সেবা সপ্তাহ ও প্রদর্শনী-২০২৪ উদযাপন উপলক্ষে গতকাল রাজধানীর পুরাতন বাণিজ্য মেলা মাঠে আয়োজিত অনুষ্ঠানে তিনি এ কথা বলেন।

প্রধান অতিথি হিসেবে দেয়া বক্তব্যে খাদ্যে ঘাটতি পূরণে সরকারের ব্যবস্থা তুলে ধরে সরকারপ্রধান বলেন, ১৯৯৬ সালে আমি যখন সরকার গঠন করি, আমরা দেখলাম ৪০ লক্ষ মেট্রিক টন খাদ্যঘাটতি। আর তা ছাড়া প্রাণী, পশুর খাদ্যের তো অভাবই। এই অবস্থায় আমরা

(৩-এর পাতায় দেখুন)

## ৫০ বছরে বাংলাদেশের সফলতা চোখে পড়ার মতো

——— রেহমান সোবহান

নিজস্ব প্রতিবেদক

৫০ বছরে বাংলাদেশের সফলতা চোখে পড়ার মতো বলে মন্তব্য করেছেন বেসরকারি গবেষণা সংস্থা সেন্টার ফর পলিসি ডায়ালগ (সিপিডি) এর চেয়ারম্যান ড. রেহমান সোবহান। তিনি বলেন, এই সময়ে বাংলাদেশের বিভিন্ন খাতে আর্থ-সামাজিক উত্তরণ ঘটেছে। গতকাল বৃহস্পতিবার সিপিডি আয়োজিত 'ফিফটি ইয়ার্স অব বাংলাদেশ-ইকোনমি, পলিটিক্স, সোসাইটি অ্যান্ড কালচার' শীর্ষক বইয়ের প্রকাশনা অনুষ্ঠানে তিনি এ কথা বলেন। রাজধানীর ধানমন্ডিতে সংস্থার নিজস্ব কার্যালয়ে অনুষ্ঠানের

(৩-এর পাতায় দেখুন)

# ওয়াশিংটনে বাংলাদেশ দূতাবাসে ঐতিহাসিক মুজিবনগর দিবস পালন



যুক্তরাষ্ট্রের ওয়াশিংটন ডিসিতে বাংলাদেশ দূতাবাসে যথাযোগ্য মর্যাদায় ঐতিহাসিক মুজিবনগর দিবস পালিত হয়েছে -মাতৃকণ্ঠ

**॥বিশেষ প্রতিনিধি॥** ১৯৭১ সালের ১৭ই এপ্রিল স্বাধীন বাংলাদেশের প্রথম সরকারের আনুষ্ঠানিক শপথ গ্রহণের ঐতিহাসিক ঘটনাকে স্মরণ করে গত ১৭ই এপ্রিল যুক্তরাষ্ট্রের ওয়াশিংটন ডিসিতে অবস্থিত বাংলাদেশ দূতাবাসে যথাযোগ্য মর্যাদায় ঐতিহাসিক মুজিবনগর দিবস পালিত হয়েছে।

যুক্তরাষ্ট্রে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত মোহাম্মদ ইমরান কর্তৃক দূতাবাসের বঙ্গবন্ধু কর্ণারে অবস্থিত জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের আবক্ষ ভাস্কর্যে পুষ্পস্তবক অর্পনের মাধ্যমে দিনের কর্মসূচী শুরু হয়। এ সময় দূতাবাসের কর্মকর্তা-কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন।

পরে বঙ্গবন্ধু মিলনায়তনে দিবসটি উপলক্ষে

(৩-এর পাতায় দেখুন)

# রাজবাড়ীর শংকর মিষ্টান্ন ভান্ডারের প্রতিষ্ঠাতা শংকর সাহা পরলোকে



**॥সুজন বিষ্ণু॥** রাজবাড়ী বাজারের বিশিষ্ট মিষ্টি ব্যবসায়ী, শংকর মিষ্টান্ন ভান্ডারের প্রতিষ্ঠাতা ও লক্ষ্মীকোল হরিসভা (পুরাতন) মন্দিরের সাধারণ সম্পাদক শংকর সাহা গত ১৭ই এপ্রিল দিনগত রাত পৌনে ১টার দিকে ইহলোকের মায়া ত্যাগ করে পরলোকে গমন করেছেন('দিব্যান লোকান্ স গচ্ছতু')।

মৃত্যুর বিষয়টি নিশ্চিত করেছেন শংকর সাহার ছোট মেয়ে জামাই শ্রীকান্ত বিশ্বাস রাহুল। শংকর সাহা রাজবাড়ী পৌরসভার বিনোদপুর গ্রামের বাসিন্দা।

জানা গেছে, শংকর সাহা দীর্ঘদিন যাবৎ ডায়াবেটিস, ক্যান্সারসহ বিভিন্ন জটিল রোগে আক্রান্ত ছিলেন। গত বুধবার দিনগত রাত সাড়ে ১২টার দিকে প্রকৃতির ডাকে সাড়া দিতে তিনি বাথরুমে যান। সেখানেই তিনি

(৩-এর পাতায় দেখুন)

## অপপ্রচার রোধে ভারতীয় প্রতিষ্ঠানের সহায়তা নেবো


——— তথ্য প্রতিমন্ত্রী

নিজস্ব প্রতিবেদক

অপপ্রচার রোধে প্রশিক্ষণের প্রয়োজন হলে ভারতীয় প্রতিষ্ঠানের সহায়তা নেওয়া হবে বলে জানিয়েছেন তথ্য ও সম্প্রচার প্রতিমন্ত্রী মোহাম্মদ আলী আরাফাত। তিনি বলেন, অপপ্রচার রোধে ভারতের কিছু প্রতিষ্ঠান কাজ করে। তারা কীভাবে কাজ করে, তাদের অভিজ্ঞতা এবং প্রক্রিয়া-পদ্ধতি বিনিময় জানা-বোঝার চেষ্টা করবো। এক্ষেত্রে কোনো প্রশিক্ষণের প্রয়োজন হলে আমরা সহায়তা নেবো। গতকাল

(৩-এর পাতায় দেখুন)

# প্রীতি ফুটবল ম্যাচ খেলতে আজ বহরপুরে আসছে ব্যারিস্টার সুমন




বি.এন.বি.এস আন্তঃজেলা ফুটবল টুর্নামেন্ট পরিচালনা কমিটি বহরপুরের আয়োজনে প্রীতি ফুটবল ম্যাচে ব্যারিস্টার সুমন একাডেমী বনাম মাগুরা জেলা ফুটবল একাদশ অংশগ্রহণ করবে -মাতৃকণ্ঠ

**॥মীর সামসুজ্জামান সৌরভ॥** হবিগঞ্জ-৪ আসনের সংসদ সদস্য ও সামাজিক যোগাযোগ মাধ্যমের জনপ্রিয় মুখ, ক্রীড়াপ্রেমী, ক্রীড়া সংগঠক ব্যারিস্টার সৈয়দ সায়েদুল হক সুমন প্রীতি ফুটবল ম্যাচ খেলতে আজ ১৯শে এপ্রিল দুপুর ৩টায় রাজবাড়ী জেলার বালিয়াকান্দি উপজেলার বহরপুর ইউনিয়নের বহরপুর রেলস্টেশন সংলগ্ন ঐতিহ্যবাহী বহরপুর রেলওয়ে মাঠে আসছেন।

বি.এন.বি.এস আন্তঃজেলা ফুটবল টুর্নামেন্ট পরিচালনা কমিটি বহরপুরের আয়োজনে এ প্রীতি ফুটবল ম্যাচে ব্যারিস্টার সুমন একাডেমী বনাম মাগুরা জেলা ফুটবল একাদশ অংশগ্রহণ করবে।

গতকাল ১৮ই এপ্রিল রাত সাড়ে ৮টায় বিষয়টি নিশ্চিত করেন হবিগঞ্জ-৪ আসনের সংসদ সদস্য ব্যারিস্টার সৈয়দ সায়েদুল হক সুমন। তিনি নিজেও তার ফেসবুক পোস্টের মাধ্যমে বিষয়টি জানান।

বি.এন.বি.এস আন্তঃজেলা ফুটবল টুর্নামেন্ট পরিচালনা কমিটির সভাপতি কাজী শহিদুল ইসলাম(সাহিদ) এর সভাপতিত্বে খেলায় প্রধান

(৩-এর পাতায় দেখুন)

## প্রভাব খাটিয়ে আর পরিবেশের ক্ষতির সুযোগ নেই: বনমন্ত্রী

নিজস্ব প্রতিবেদক

পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রী সাবের হোসেন চৌধুরী বলেছেন, এক জায়গায় বন কেটে অন্য জায়গায় গাছ লাগালে তা সমান হয় না। এখন প্রভাব খাটিয়ে পরিবেশের ক্ষতির সুযোগ নেই। এখন যা হবে জাতীয় স্বার্থে। বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) এবং জাতিসংঘের খাদ্য ও কৃষি সংস্থার (এফএও) যৌথ উদ্যোগে আয়োজিত 'ন্যাশনাল রিসোর্স অ্যাকাউন্টস আন্ডার ইউএন সিস্টেম অব ইনভায়রনমেন্টাল ইকোনমি অ্যাকাউন্টিং' শীর্ষক দিনব্যাপী এক সেমিনারে এসব কথা বলেন মন্ত্রী।

গতকাল বৃহস্পতিবার বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর অডিটোরিয়ামে এ সেমিনার অনুষ্ঠিত হয়। সেমিনারে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পরিকল্পনা প্রতিমন্ত্রী মন্ত্রী মো. শহীদুজ্জামান সরকার, বাংলাদেশে নিযুক্ত এফএওর প্রতিনিধি জিয়াকুন শি। অনুষ্ঠানে

(৩-এর পাতায় দেখুন)




ঐতিহাসিক মুজিবনগর দিবস উপলক্ষে গত ১৭ই এপ্রিল জাতিসংঘে বাংলাদেশ স্থায়ী মিশনে আলোচনা সভায় জাতিসংঘে নিযুক্ত বাংলাদেশের স্থায়ী প্রতিনিধি রাষ্ট্রদূত মোহাম্মদ আব্দুল মুহিত বক্তব্য রাখেন -মাতৃকণ্ঠ

# জাতিসংঘে বাংলাদেশ স্থায়ী মিশনে ঐতিহাসিক মুজিবনগর দিবস পালিত

**॥নিউইয়র্ক প্রতিনিধি॥** প্রতিবারের মতো এবারও জাতিসংঘে বাংলাদেশ স্থায়ী মিশনে ঐতিহাসিক 'মুজিবনগর দিবস' উদযাপন করা হয়েছে।

অনুষ্ঠানটির শুরুতে মুজিবনগর সরকারের রাষ্ট্রপতি, সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান, উপ-রাষ্ট্রপতি সৈয়দ নজরুল ইসলাম ও প্রধানমন্ত্রী তাজ উদ্দিন

(৩-এর পাতায় দেখুন)

## আবারও রিজার্ভ নামল ২০ বিলিয়নের নিচে

নিজস্ব প্রতিবেদক

ঈদের ছুটির আগে শেষ কর্মদিবসে বৈদেশিক মুদ্রার রিজার্ভ ছিলো ২০ বিলিয়ন ডলার বা ২ হাজার কোটি ডলারের উপরে। ঈদের ছুটিসহ এক সপ্তাহে বিভিন্ন প্রয়োজন মেটাতে ২১ কোটি ১১ লাখ ৩০ হাজার মার্কিন ডলার খরচ করতে হয়েছে। ফলে রিজার্ভ আবার ২০ বিলিয়ন ডলারের নিচে নেমে গেছে। গতকাল বৃহস্পতিবার এ তথ্য জানিয়েছে বাংলাদেশ ব্যাংক।

আন্তর্জাতিক মুদ্রা তহবিলের (আইএমএফ) হিসাবায়ন পদ্ধতি অনুসারে বর্তমানে দেশে বৈদেশিক মুদ্রার রিজার্ভ এক হাজার ৯৮৯ কোটি ৪৭ লাখ মার্কিন ডলার (বিপিএম-৬)। এক

(৩-এর পাতায় দেখুন)

## সোনার দামে নতুন রেকর্ড, ভরি ১ লাখ ১৯ হাজার ৬৩৮ টাকা

নিজস্ব প্রতিবেদক

দশদিনের ব্যবধানে দেশের বাজারে আবার সোনার দাম বাড়ানো হয়েছে। সব থেকে ভালো মানের বা ২২ ক্যারেটের এক ভরি (১১.৬৬৪ গ্রাম) সোনা দাম ২ হাজার ৬৫ টাকা বাড়িয়ে নতুন দাম নির্ধারণ করা হয়েছে। এতে ভালো মানের এক ভরি সোনার দাম হয়েছে ১ লাখ ১৯ হাজার ৬৩৮ টাক হয়েছে। দেশের বাজারে এর আগে কখনো সোনার এত দাম হয়নি। স্থানীয় বাজারে তেজাবী সোনার (পাকা সোনা) দাম বাড়ার পরিপ্রেক্ষিতে এ দাম বাড়ানো হয়েছে। গতকাল বৃহস্পতিবার সন্ধ্যা ৭টা থেকে এই দাম কার্যকর করা হবে বলে জানিয়েছে বাংলাদেশ জুয়েলার্স অ্যাসোসিয়েশন (বাজুস)।

এর আগে গত ৮ এপ্রিল ঘোষণা দিয়ে ওই দিন থেকে ভালো মানের এক ভরি সোনার দাম ১ লাখ ১৭ হাজার ৫৭৩ টাকা নির্ধারণ করা হয়। এতে অতিতের সকাল রেকর্ড ভেঙে সোনার সর্বোচ্চ দামের নতুন রেকর্ড সৃষ্টি হয়। ১০ দিনের ব্যবধানে এখন দাম বাড়ানোর মাধ্যমে আবার নতুন রেকর্ড সৃষ্টি হলো। গতকাল বাজুস স্ট্যান্ডিং কমিটি অন প্রাইসিং অ্যান্ড

(৩-এর পাতায় দেখুন)

### ভিক্ষুক পুনর্বাসন ও বিকল্প কর্মসংস্থান প্রকল্পের আওতায়

# গোয়ালন্দের প্রতিবন্ধী উন্নয়ন সংস্থাকে অর্থ সহায়তা প্রদান



গোয়ালন্দ উপজেলা সমাজসেবা অফিসের আয়োজনে গতকাল ১৮ই এপ্রিল উপজেলা প্রতিবন্ধী উন্নয়ন সংস্থার সদস্যদের মাঝে অনুদানের চেক বিতরণ করা হয় -মাতৃকণ্ঠ

**॥গোয়ালন্দ প্রতিনিধি॥** ভিক্ষুক পুনর্বাসন ও বিকল্প কর্মসংস্থান কর্মসূচীর আওতায় গোয়ালন্দ উপজেলা সমাজসেবা অফিসের আয়োজনে গতকাল ১৮ই এপ্রিল দুপুরে উপজেলা প্রতিবন্ধী উন্নয়ন সংস্থার সদস?্যদের মাঝে অনুদানের চেক বিতরণ করা হয়েছে।

প্রতিবন্ধী উন্নয়ন সংস্থার মাঝে এ চেক বিতরণ করেন অনুষ্ঠানের প্রধান অতিথি গোয়ালন্দ উপজেলা পরিষদ চেয়ারম্যান মোঃ মোস্তফা মুন্সী।

এ সময় গোয়ালন্দ উপজেলা প্রতিবন্ধী উন্নয়ন সংস্থার সভাপতি মোঃ রতন শেখ ও সাধারণ সম্পাদক মোঃ মুন্নাফ শেখের হাতে ১ লক্ষ টাকার চেক প্রদান করা হয়। গোয়ালন্দ উপজেলা নির্বাহী অফিসার জ্যোতি

(৩-এর পাতায় দেখুন)

## ঢাকায় চীনের ভিসা সেন্টার, প্রয়োজন হবে না দূতাবাসে যাওয়ার

নিজস্ব প্রতিবেদক

বাংলাদেশের মানুষকে ভিসা-সংক্রান্ত আরও উন্নত সেবা দিতে ঢাকায় ভিসা অ্যাপ্লিকেশন সেন্টার চালু করেছে চীনা দূতাবাস। এই সেন্টার চালু হওয়ার ফলে সাধারণ পাসপোর্টধারীদের ভিসার জন্য আর দূতাবাসে যাওয়ার প্রয়োজন হবে না। গতকাল বৃহস্পতিবার রাজধানীর বনানীর কামাল আতাতুর্ক এভিনিউয়ের প্রাসাদ ট্রেড সেন্টারের তৃতীয় তলায় এই ভিসা অ্যাপ্লিকেশন সেন্টারের উদ্বোধন করেন ঢাকায় নিযুক্ত চীনের রাষ্ট্রদূত ইয়াও ওয়েন। এ সময় আরও উপস্থিত ছিলেন, বাংলাদেশের পররাষ্ট্র মন্ত্রণালয়ের মহাপরিচালক (পূর্ব এশিয়া ও প্রশান্ত মহাসাগরীয়) তৌফিক হাসান, অ্যাসোসিয়েশন অব ট্রাভেল এজেন্টস অব বাংলাদেশের (আটাব) সভাপতি এস এন মঞ্জুর মোর্শেদ মাহবুব প্রমুখ। অনুষ্ঠানে বলা হয়,

(৩-এর পাতায় দেখুন)

# জাতীয় শিক্ষা সপ্তাহ প্রতিযোগিতা উপলক্ষ্যে রাজবাড়ীতে জেলা কমিটির প্রস্তুতিমূলক সভা




রাজবাড়ীতে জেলা প্রশাসনের আয়োজনে গতকাল ১৮ই এপ্রিল বিকালে কালেক্টরেটের সম্মেলন করে জেলা প্রশাসক আবু কায়সার খানের জাতীয় শিক্ষা সপ্তাহ প্রতিযোগিতা-২০২৪ উপলক্ষ্যে জেলা কমিটির প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত হয় -মাতৃকণ্ঠ

**॥মীর সামসুজ্জামান সৌরভ॥** রাজবাড়ীতে জেলা প্রশাসনের আয়োজনে গতকাল ১৮ই এপ্রিল বিকাল সাড়ে ৩টায় কালেক্টরেটের সম্মেলন কক্ষে জাতীয় শিক্ষা সপ্তাহ প্রতিযোগিতা-২০২৪ উপলক্ষ্যে জেলা কমিটির প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত হয়েছে।

সভায় সভাপতিত্ব করেন রাজবাড়ীর জেলা প্রশাসক আবু কায়সার খান।

এ সময় অতিরিক্ত জেলা প্রশাসক(রাজস্ব, শিক্ষা ও

(৩-এর পাতায় দেখুন)

❑ উপদেষ্টা সম্পাদক আবুল কালাম ❑ **সম্পাদক ও প্রকাশক খোন্দকার আব্দুল মতিন** ❑ সম্পাদক কর্তৃক সোহাগ প্রিন্টিং প্রেস, ১০ আর কে মিশন রোড, টিকাটুলী, ওয়ারী, জেলা-ঢাকা-১২০৩ থেকে মুদ্রিত এবং বেড়াডাঙ্গা ৩নং সড়ক, জেলা-রাজবাড়ী থেকে প্রকাশিত ❑ **সম্পাদকীয়, বার্তা ও বাণিজ্যিক কার্যালয় ঃ** রাজবাড়ী কেন্দ্রীয় সমবায় ব্যাংক ভবন, প্রধান সড়ক, পান্না চত্বর, পোষ্ট ও জেলা-রাজবাড়ী-৭৭০০ ❑ **ঢাকা অফিস ঃ** ১০ আর কে মিশন রোড, টিকাটুলী, ওয়ারী, জেলা-ঢাকা-১২০৩ ❑ **ফোন অফিস ঃ** ০২৪৭৮৮০৮০৭০, **বার্তা বিভাগ ঃ** ০২৪৭৮৮০৭৩৭৪, ০২৪৭৮৮০৭৯৬৬, **রাজবাড়ী প্রেসক্লাব অফিস ঃ** ০২৪৭৮৮০৮০৬৭, **বাসা ঃ** ০২৪৭৮৮০৭৭৩০, **মোবাইল ঃ** ০১৭১৩৪৮৯৪৭২, ০১৭১৫০১৯৩৭৫, ০১৭১৫৬২১২৪৩, **ই- মেইল :** matrikantha@gmail.com এবং motin_rajbari@yahoo.com

সরকারী মিডিয়া তালিকাভুক্ত রাজবাড়ী জেলার মুখপত্র
দৈনিক মাতৃকণ্ঠ
THE DAILY MATRIKANTHA
রাজবাড়ী ■ শুক্রবার ০৬ বৈশাখ ১৪৩১ বাংলা ■ ১৯ এপ্রিল ২০২৪ ইংরেজি

# ভোজ্যতেলের দাম কমাতে ব্যবস্থানিন

কথা রাখেননি ভোজ্যতেল ব্যবসায়ীরা। ঈদের আনন্দের রেশ কাটতে না কাটতেই তারা প্রতি লিটার ভোজ্যতেলের দাম বাড়িয়ে দিয়েছেন ১০ টাকা। যা ঈদের আগে বিক্রি হয়েছে ১৬৩ টাকা, তা এখন বিক্রি হবে প্রতি লিটার ১৭৩ টাকায়। এর পেছনে ভোজ্যতেল আমদানিকারক-পরিশোধনকারীসহ পাইকারি ও খুচরা অসাধু ব্যবসায়ীদের কারসাজি রয়েছে বলে মনে করেন ভোক্তা সাধারণসহ সংশ্লিষ্ট মহল। স্বয়ং বাণিজ্য প্রতিমন্ত্রী এ নিয়ে তীব্র ক্ষোভ প্রকাশ ও সমালোচনা করেছেন।

তিনি বলেছেন, ভোজ্যতেল ব্যবসায়ীরা দাম বাড়ানো নিয়ে বাণিজ্য মন্ত্রণালয় ও ট্যারিফ কমিশনকে কিছু জানায়নি, যা দুঃখজনক। সরকার জরুরিভাবে বিষয়টি খতিয়ে দেখবে বলে জানিয়েছেন তিনি। ট্রেড এন্ড ট্যারিফ কমিশনের সঙ্গে আলোচনা করে নেওয়া হবে পরবর্তী সিদ্ধান্ত। ট্যারিফ কমিশন আলোচনা সাপেক্ষে পাইকারি বাজারে প্রতি লিটার ভোজ্যতেলের দাম চার টাকা বাড়িয়েছে।

উল্লেখ্য, ঈদকে সামনে রেখে প্রধানমন্ত্রী শেখ হাসিনার নির্দেশে বাজার সহনীয় রাখতে ভোজ্যতেল, চিনি, চাল ও খেজুরের আমদানি শুল্ক কমিয়ে দেওয়া হয়, যা এখনো বহাল আছে। ভোজ্যতেলের আমদানি শুল্ক কমানো হয়েছিল ৫ শতাংশ। ১৫ এপ্রিল পর্যন্ত এর মেয়াদ থাকলেও ভোজ্যতেলের দাম মিলমালিকদের মর্জিমাফিক বাড়ানোর ব্যাপারে আপত্তি রয়েছে বাণিজ্য মন্ত্রণালয়ের। মূলত ঈদের ছুটিকে কাজে লাগিয়ে একতরফাভাবে দাম বাড়িয়েছেন ভোজ্যতেল ব্যবসায়ীরা।

এর জন্য তারা কৃত্রিম সংকট সৃষ্টির লক্ষ্যে ঈদের পর বাজারে তেলের সরবরাহ কমিয়ে দিয়েছেন, যেটি মূলত দাম বাড়ানোর অপকৌশল। সে অবস্থায় অসাধু ব্যবসায়ীরা যাতে ইচ্ছামতো দাম বাড়িয়ে ফায়দা লুটতে না পারে, সেজন্য বাজারে কঠোর মনিটরিং জরুরি হয়ে পড়েছে।

এর বাইরেও রয়েছে ভোজ্যতেলের ভেজালের বিষয়টি। বাজারে প্রাপ্ত অধিকাংশ ভোজ্যতেল, তা সে নামি-দামিসহ যে কোম্পানিরই হোক না কেন, ভিটামিন সমৃদ্ধ ভোজ্যতেল পাওয়া যায় না বললেই চলে। বাজারজাতকৃত খোলা ভোজ্যতেলে তো নয়ই। ড্রামে বাজারজাতকৃত ভোজ্যতেলেও না। সেটি আরও বিষাক্ত। যেসব ড্রামে এসব তেল ভরে বাজারে বিক্রি করা হয় সেগুলো অধিকাংশ বিষাক্ত তথা রাসায়নিক কেমিক্যালের ড্রাম। এসব ড্রাম ভোজ্যতেল আমদানিকারক কোম্পানিগুলোর তৈরিও নয়।

পাইকারি বাজার থেকে হাজার হাজার ড্রাম কিনে সেগুলোতে ভোজ্যতেল ভরে বিক্রি করা হয় খোলাবাজারে। ধোয়াও হয় না। কেননা তাতে খরচ হয়। সে অবস্থায় ভোজ্যতেলে ভিটামিন এ ও বি মেশানোর প্রশ্নই ওঠে না। ভোজ্যতেলে ভিটামিন এ সমৃদ্ধকরণ আইন- ২০১৩ বিদ্যমান থাকলেও এটি বাস্তবায়ন হচ্ছে না ভোজ্যতেল উৎপাদনকারী প্রতিষ্ঠানগুলোর অনীহার জন্য। ভোজ্যতেলে ভিটামিন এ ও ডি সমৃদ্ধকরণ আইন বিদ্যমান থাকলেও ড্রামে খোলা ভোজ্যতেল একটি বড় বাধা হিসেবে কাজ করছে বলে বিশেষজ্ঞদের অভিমত।

নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ এবং ভোক্তা অধিকার সংরক্ষণ বিভাগের অবশ্য কর্তব্য হবে জনস্বাস্থ্য সুরক্ষায় ভোজ্যতেলে ভিটামিন এ ও ডি মেশানোর বিষয়টি নিশ্চিত করা এবং বাজারে খোলা তেল বিক্রি বন্ধে যথাযথ পদক্ষেপ গ্রহণ।

## শপথ নিলেন পিএসসি'র

শিক্ষা বোর্ডে মেধাতালিকায় প্রথম স্থান অধিকার করেন। ১৯৯৪ সালে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগ থেকে স্নাতক ও ১৯৯৫ সালে একই বিভাগ থেকে স্নাতকোত্তর ডিগ্রি অর্জন করেন। স্নাতক ও স্নাতকোত্তরে তিনি প্রথম শ্রেণিতে প্রথম স্থান অর্জন করেন। ২০০০ সালে একই বিভাগে প্রভাষক হিসেবে যোগ দেন তিনি। এরপর ২০০৩ সালে সহকারী অধ্যাপক, ২০১১ সালে সহযোগী অধ্যাপক এবং ২০১৮ সালে অধ্যাপক পদে পদোন্নতি লাভ করেন।

অধ্যাপক প্রদীপ পান্ডে ২০০৬ সালে নরওয়ে সরকারের বৃত্তির আওতায় অসলো বিশ্ববিদ্যালয়ে সামার কোর্সে অংশ নেন। ২০১০ সালে যুক্তরাজ্যের শেফিল্ড বিশ্ববিদ্যালয় থেকে জার্নালিজম স্টাডিজে পিএইচডি ডিগ্রি অর্জন করেন। তিনি ২০১৫-২০১৮ সাল পর্যন্ত বিভাগীয় সভাপতির দায়িত্ব পালন করেন। এছাড়াও তিনি রাজশাহী বিশ্ববিদ্যালয়ে(রাবি) মুক্তিযুদ্ধের চেতনা ও মূল্যবোধে বিশ্বাসী প্রগতিশীল শিক্ষক সমাজের নির্বাচিত সদস্য হিসেবে দায়িত্ব পালন করেছেন।

## নিউইয়র্কস্থ বাংলাদেশ

হুদা অনুষ্ঠানের শুরুতে বাংলাদেশের অভ্যুদয়ে সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও জাতীয় চার নেতার অনন্য অবদানের কথা গভীর শ্রদ্ধার সাথে স্মরণ করেন।

তিনি মুজিবনগর সরকার গঠনের ঐতিহাসিক প্রেক্ষাপট ও ভূমিকা বর্ণনা করেন এবং তা মহান স্বাধীনতা সংগ্রামের একটি গুরুত্বপূর্ণ অধ্যায় বলে তিনি উল্লেখ করেন। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের কারান্তরীনকালীন মুজিবনগর সরকার দেশে ও বিদেশে মহান মুক্তিযুদ্ধের পক্ষে জনমত গঠন ও সমর্থন আদায়সহ মুক্তিযুদ্ধের পথ নির্দেশনায় অত্যন্ত তাৎপর্যপূর্ণ অবদান রাখে বলে কনসাল জেনারেল যোগ করেন। কনসাল জেনারেল নতুন প্রজন্মের মাঝে বাংলাদেশের মহান স্বাধীনতার সঠিক ইতিহাস তুলে ধরার উপর জোর গুরুত্বারোপ করেন।

তিনি সকলকে স্বাধীনতার চেতনাকে ধারণ করে দেশের উন্নয়নে একযোগে কাজ করার মধ্য দিয়ে জাতির পিতার স্বপ্নের 'সোনার বাংলা' বাস্তবায়নের আহ্বান জানান।

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমান, জাতীয় চার নেতাসহ সকল শহীদদের রুহের মাগফেরাত ও দেশের অব্যাহত শান্তি ও সমৃদ্ধি কামনা করে বিশেষ দোয়ার মধ্য দিয়ে অনুষ্ঠানের সমাপ্তি ঘটে।

## বিএনপির আন্দোলন

ছোড়া গুলিতে দৃষ্টি শক্তি হারিয়েছে। তিনি বলেন, বিএনপির ওপর যতই নির্যাতন-নিপীড়ন হোক, বিএনপির মাথা ততই বল বীর উন্নত মম শির। প্রবল দমন-নিপীড়নের মধ্যে বিএনপিকে দমিয়ে রাখতে পারেনি সরকার।

রিজভী আরও বলেন, আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের এখন বলছেন- বিএনপি নাকি তাদের বিজয় সহ্য করতে পারছে না। আরে কীসের বিজয়? আমরা আর মামুদের ডামি নির্বাচন, নিজেরা-নিজেদের নির্বাচনে তোমরা নিজেদেরকে বিজয়ী মনে করতে পারো। কিন্তু দেশের প্রতিটি জায়গা থেকে ধিক্কার জানানো হচ্ছে আওয়ামী লীগকে। তোমরা জনগণের ভোট হরণকারী। আওয়ামী লীগ সাম্প্রদায়িক শক্তিকে পরাজিত করবে- ওবায়দুল কাদেরের এই বক্তব্যের প্রসঙ্গ টেনে রিজভী বলেন, পৃথিবীর সবচেয়ে সাম্প্রদায়িক শক্তি ভারত রাষ্ট্র পরিচালনা করছে। আর এই শক্তি আওয়ামী লীগকে সমর্থন করছে। আপনারা শুধু ভারতকে খুশি করতে এসব কথা বলেন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, ঢাকা মহানগর উত্তর বিএনপির ভারপ্রাপ্ত আহ্বায়ক ফরাদ হালিম ডোনার, সদস্য সচিব আমিনুল হকসহ অনেকে।

## সোনার মানুষ গড়ার

ও বিশেষ অতিথি এবং অন্যান্য অতিথিদের উত্তরীয় পরিধান এবং ক্রেস্ট প্রদান করা হয়। এরপর বর্ণমালা নামক একটি বইয়ের মোড়ক উন্মোচন করা হয়।

রাজবাড়ী একাডেমির সভাপতি সৈয়দ সিদ্দিকুর রহমানের সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে রাজবাড়ী জেলা পরিষদের চেয়ারম্যান শফিকুল মোরশেদ আরুজ, শিক্ষানুরাগী ও সমাজসেবক নাসিম শফি, জেলা পরিষদের সাবেক চেয়ারম্যান বীর মুক্তিযোদ্ধা ফকির আব্দুল জব্বার, রাজবাড়ী একাডেমির সহ-সভাপতি মোঃ সাইফুল্লাহ, সাধারণ সম্পাদক ডাঃ ইকবাল হোসেনসহ অন্যান্যরা বক্তব্য রাখেন। এ সময় আমন্ত্রিত অতিথিগণ, আয়োজক কমিটির সদস্যগণ, জেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক ও শিক্ষার্থী এবং অভিভাবকগণ উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে ড. আতিউর রহমান বলেন, বাংলা উৎসবের এতো সুন্দর আয়োজন করার জন্য রাজবাড়ী একাডেমিকে ধন্যবাদ জানাচ্ছি। আমি রাজবাড়ীতে এর আগেও বেশ কয়েকবার এসেছি। আমার কাছে মনে হয় রাজবাড়ীর পরিবেশ অনেক বেশি সংস্কৃতি মনা, অনেক নান্দনিক। আমি রাজবাড়ী আসতে পেরে সব সময় আনন্দ উপভোগ করি। বাংলা ভাষা এমন একটি ভাষা, যে ভাষাকে কেন্দ্র করে একটি রাষ্ট্র তৈরি হয়েছে। এমনটি পৃথিবীতে খুব একটা বেশি রাষ্ট্র নেই। শুধু ভাষার মর্যাদার রক্ষার জন্য, বাংলা ভাষাকে সম্মান রক্ষা করার জন্য আমাদের দেশের তরুণেরা রক্ত ঢেলে দিয়েছে এবং পরবর্তীকালে সেই রক্ত বীজ মিলে মুক্তির বীজ রুপান্তরিত হয়েছে। বাংলাদেশ সৃষ্টি হয়েছে। বাংলা ভাষা আন্দোলনের শহীদ, মুক্তিযুদ্ধের শহীদ, পরবর্তীকালে আমাদের জাতির পিতা এবং তার পরিবারের সদস্যরা যারা শহীদ হয়েছেন তাদের সবাইকে ও সবার আত্নার প্রতি গভীর শ্রদ্ধা জানাই। আমরা যদি সত্যি সত্যি দেশকে জানতে চাই দেশকে ভালোবাসতে চাই তাহলে আমাদের বাংলা ভাষায় কথা বলতেই হবে। রবীন্দ্রনাথ বলেছেন ভাষার শিক্ষা না নিলে সেই শিক্ষা মনের গহীনে প্রবেশ করে না। যারা মাতৃভাষার সাহিত্য চর্চা করেন না তারা সাহিত্যের নবেল পুরস্কার পেতে পারেন না। আমাদের বড়ই সৌভাগ্য আমাদের এশিয়া মহাদেশের মধ্যে সর্বপ্রথম সাহিত্যের জন্য নবেল পুরস্কার পেয়েছিলেন কবি রবীন্দ্রনাথ ঠাকুর। রবীন্দ্রনাথ ঠাকুর অন্যত্তম শ্রেষ্ঠ বাঙালী। আমি রাজবাড়ী একাডেমিকে ধন্যবাদ জানাতে চাই যে, আমাদের কমলমতি সন্তানদেরকে দেশকে জানার সুযোগ করে দিয়েছে। সেই সুযোগের মাধ্যমে দেশকে ভালোবাসার অনুপ্রেরণা জোগাচ্ছেন। আমরা বাংলা ভাষায় কথা বলার জন্য এই স্বদেশ বা বাংলাদেশ অর্জন করতে পেরেছি। আমরা এই দেশকে সোনার বাংলা গড়বো বলে স্বপ্ন দেখেছি। আমাদের জাতির পিতা বাংলাদেশকে স্বপ্নের বাংলাদেশ সোনার বাংলাদেশ গড়বেন বলে আমাদেরকে জানিয়েছিলেন এবং সেই সোনার বাংলা শুধুমাত্র সুন্দর সুন্দর নির্মাণের মধ্যে দিয়ে হবে না। বড় বড় রাস্তা-ঘাট তৈরি হলেই হবে না। জাতির পিতাই বলেছের আমাদের সোনার বাংলা গড়তে হলে সোনার মানুষ চাই। এই সোনার মানুষ এমনি এমনি গড়ে উঠবে না। সোনার মানুষ গড়ার জন্য আমাদের শিক্ষা ব্যবস্থাকে ব্যবহার করতে হবে। আমাদের সংস্কৃতি অর্জনকে ব্যবহার করতে হবে। আমাদের যে সংস্কৃতির সম্পদ আছে সেই সম্পদকে প্রসারিত করতে হবে। আমার ভালো লাগছে যে, রাজবাড়ী একাডেমির সেই সাংস্কৃতিক সম্পদকে প্রসারিত করার জন্য নানা উদ্যোগ নিয়েছেন এবং বাংলা উৎসব তারই একটি উৎস।

## সয়াবিন তেলের

প্রতি লিটারে ৪ টাকা বাড়ানো হয়েছে। সেখানে ১৬৩ টাকা লিটার সয়াবিন তেলের দাম বাড়িয়ে ১৬৭ টাকা করা হয়েছে। আর খোলা বাজারে সয়াবিন তেলের দাম লিটার প্রতি ২ টাকা কমানো হয়েছে। সেখানে প্রতি লিটার ১৪৯ টাকা থেকে কমিয়ে ১৪৭ টাকা নির্ধারণ করা হয়েছে।

বাণিজ্য প্রতিমন্ত্রী আহসানুল ইসলাম টিটু বলেন, খুচরা বাজারে খোলা তেলের দাম লিটারে ১৪৯ টাকা থেকে ২ টাকা কমিয়ে ১৪৭ টাকা নির্ধারণ করা হয়েছে। আর বোতলজাত সয়াবিন তেলের দাম ১৬৩ টাকা থেকে বাড়িয়ে ১৬৭ টাকা নির্ধারণ করা হয়েছে। এছাড়া পাঁচ লিটারের বোতল ৮০০ টাকা ছিলো সেটা, ৮১৮ টাকা করা হয়েছে। পাম ওয়েল সর্বোচ্চ খুচরা মূল্য ১৩৫ টাকা করা হয়েছে। আজ (গতকাল) থেকে এ দাম কার্যকর হবে। তিনি বলেন, ইতোমধ্যে সব মিলে নতুন দামের চিঠি চলে গেছে। আমরা চেয়েছি সিদ্ধান্তটা দ্রুত কার্যকর করতে। কারণ এর খারাপ প্রভাব যাতে বাজারে না পড়ে। বৈশ্বিক যুদ্ধ পরিস্থিতির কারণে অনেক বেশি চ্যালেঞ্জ নিতে হচ্ছে। এসব চ্যালেঞ্জ মোকাবিলা করে বাজারে পণ্যের সরবরাহ সচল রাখা হয়েছে। চলতি অর্থবছরে পণ্যের সরবরাহে কোনো কমতি হবে না। আমদানি-রফতানি যেখানে সমস্যা রয়েছে তা দূর করতে হবে।

বাণিজ্য প্রতিমন্ত্রী আরও বলেন, আন্তর্জাতিক বাজার স্থিতিশীল থাকলে তেলের বাজারে আর কোনো নেতিবাচক প্রভাব না পরবে না বলে আশা করি। দুই জায়গায় আমদানি পর্যায়ে ১৫ শতাংশ থেকে ১০ শতাংশ এবং ভোক্তা পর্যায় থেকে যে ভ্যাট মওকুফ ছিলো, তা আবার আরোপিত হয়েছে। সে কারণে তেলের দাম বাড়াতে হয়েছে।

এর আগে, গত সোমবার বাংলাদেশ ভেজিটেবল অয়েল রিফাইনার্স অ্যান্ড বনস্পতি ম্যানুফ্যাকচার্স অ্যাসোসিয়েশিয়েশন লিটার প্রতি সয়াবিনের দাম ১০ টাকা বাড়িয়ে ১৭৩ টাকা করার প্রস্তাব করে ট্যারিফ কমিশন, বাংলাদেশ ভেজিটেবল অয়েল রিফাইনার্স অ্যান্ড বনস্পতি ম্যানুফ্যাকচার্স অ্যাসোসিয়েশিয়েনের সঙ্গে বৈঠক করে এ সিদ্ধান্ত ঘোষণা করেছে বাণিজ্য প্রতিমন্ত্রী। বাণিজ্য প্রতিমন্ত্রী বলেন, ট্যারিফ কমিশনের মাধ্যমে আমরা আন্তজার্তিক বাজার পর্যবেক্ষণ করি এবং পণ্যের নির্দেশক মূল্য কমিশনের মাধ্যমে অবহিত রাখা হয়। প্রধানমন্ত্রীর নির্দেশে এনবিআর ভোক্তা পর্যায়ে ১৫ শতাংশ কর থেকে অব্যাহতি দেওয়া হয়েছিল। একটা আমদানি ও আরেকটি ভোক্তা পর্যায়ে ছিল। আমরা প্রতিটি মিল যারা তেল প্রস্তুত করে। সময় নিয়ে বিষয়টি দেখার কথা ছিল তা সম্ভব হয়নি। বাজারে যাতে সরবরাহে ব্যাঘাত না ঘটে সেজন্য আমরা দ্রুত সিদ্ধান্ত নিয়েছে। এটি দ্রুত কার্যকর হবে। কারণ মিলগেট থেকে ডিউটি দিয়ে বের হতে হবে। খোলা তেলে দাম কমানো এবং বোতলে বাড়ানোর বিষয়ে তিনি বলেন, কিছু টেকনিক্যাল কারণে খুচরা তেলের দাম কমানো সম্ভব হয়েছে। কিন্তু বোতলজাতে তা সম্ভব হয়নি।

প্রসঙ্গত, তেলের বাড়ানোর উদ্দেশ্যে বাণিজ্য মন্ত্রণালয়ের সিনিয়র সচিবকে লেখা চিঠিতে বলা হয়, আপনার সদয় অবগতির জন্য জানাচ্ছি যে, ভোজ্যতেলের কাঁচামাল আমদানি, উৎপাদন পর্যায়ে গত ৭ ফেব্রুয়ারি জারি করা এসআর'র মেয়াদ ১৫ এপ্রিল বিধায় আগামী ১৬ এপ্রিল থেকে বাজারে ভোজ্য তেল সরবরাহে ভ্যাট অব্যাহতি পূর্ববর্তী মূল্যে পণ্য সরবরাহ হবে।

## উপজেলা নির্বাচন করতে

মন্ত্রী ও সংসদ সদস্যরা নিজের সন্তান, পরিবারের সদস্য ও নিকটাত্মীয়দের ভোটে মাঠে নামিয়ে প্রভাব বিস্তারের চেষ্টা করছেন। এছাড়া, স্থানীয় প্রশাসন ও পুলিশকেও ব্যবহারের চেষ্টা করছেন তারা। আগামী মাসের শুরুতে আওয়ামী লীগের সংসদীয় দলের বৈঠক ডাকা হতে পারে। ওই বৈঠকে প্রধানমন্ত্রী নিজে মন্ত্রী ও সংসদ সদস্যদের উপজেলা নির্বাচন বিষয়ে তার নির্দেশনার কথা জানাতে পারেন। এছাড়া, শিগগিরই আওয়ামী লীগের কেন্দ্রীয় কার্যনির্বাহী সংসদের বৈঠকও হতে পারে। সেখানেও এই নির্দেশনা দেওয়া হতে পারে বলে দলের একটি সূত্র জানিয়েছে।

আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক এস এম কামাল হোসেন বলেন, এ ধরনের সিদ্ধান্ত হয়েছে। দলের সভাপতি শেখ হাসিনার বরাত দিয়ে দলের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের তাদেরকে এ বিষয়ে নির্দেশনা দিয়েছেন। তারা নিজ নিজ বিভাগে বার্তা পৌঁছে দিচ্ছেন। এবার চার পর্বে উপজেলা নির্বাচন হচ্ছে। প্রথম পর্বে ১৫০টি উপজেলায় ভোট হবে।

প্রথম পর্বে ১৪ উপজেলায় মন্ত্রী-সংসদ সদস্যদের সন্তান, পরিবারের সদস্য ও নিকটাত্মীয়রা চেয়ারম্যান পদে প্রার্থী হয়েছেন বলে জানা গেছে। মন্ত্রী ও সংসদ সদস্যদের বিষয়ে দলীয় সিদ্ধান্ত উপজেলা নির্বাচনের চার পর্বের জন্যই প্রযোজ্য বলে আওয়ামী লীগের দলীয় সূত্র জানিয়েছে। নোয়াখালীর সুবর্ণচরে নিজের ছেলেকে ভোট না দিলে উন্নয়নকাজ না করার হুমকি দিয়েছেন স্থানীয় সংসদ সদস্য একরামুল করিম চৌধুরী। নাটোরে লুৎফুল হাবিবের বিরুদ্ধে প্রতিপক্ষ প্রার্থীকে অপহরণের অভিযোগ উঠেছে।

আওয়ামী লীগের দলীয় সূত্র বলছে, এসব খবরসহ নানা বিভেদের তথ্য দলের সভাপতি ও প্রধানমন্ত্রী শেখ হাসিনার দৃষ্টিগোচর হলে তিনি ক্ষুব্ধ প্রতিক্রিয়া ব্যক্ত করেন। এরপর দলের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদেরকে ডেকে উপজেলা নির্বাচনে মন্ত্রী-সংসদ সদস্যদের সন্তান, পরিবারের সদস্য ও নিকটাত্মীয়দের ভোট থেকে সরে দাঁড়ানোর এই নির্দেশনা দেন।

দলের দায়িত্বশীল সূত্র জানিয়েছে, শুধু সন্তান, পরিবার বা নিকটাত্মীয় ছাড়াও মন্ত্রী ও সংসদ সদস্যদের প্রকাশ্যে বা গোপনে উপজেলা নির্বাচনে কোনোভাবে সম্পৃক্ত না হওয়ার বিষয়ে নির্দেশনা দেওয়া হয়েছে। কারণ, স্থানীয় পর্যায়ে নিজের প্রভাব বাড়ানোর জন্য মন্ত্রী-সংসদ সদস্যরা আত্মীয়-পরিজন ছাড়াও 'মাই ম্যান' তৈরি করার লক্ষ্যে পছন্দের প্রার্থী নিয়ে মাঠে নামছেন। এতে দলের তৃণমূলের ভারসাম্য নষ্ট হচ্ছে বলে দলের নীতিনির্ধারকেরা মনে করছেন। এ ছাড়া স্থানীয় প্রশাসন ও পুলিশকেও ব্যবহারের চেষ্টা করছেন মন্ত্রী-সংসদ সদস্যরা। এ জন্যই কড়া অবস্থান।

আওয়ামী লীগের দায়িত্বশীল সূত্র জানিয়েছে, ২ মে সংসদের আগামী অধিবেশন বসছে। ওই অধিবেশনে আওয়ামী লীগের সংসদীয় দলের বৈঠক ডাকা হতে পারে। ওই বৈঠকে প্রধানমন্ত্রী নিজে মন্ত্রী ও সংসদ সদস্যদের উপজেলা নির্বাচন বিষয়ে তার অবস্থান তুলে ধরবেন। প্রভাব বিস্তার থেকে বিরত থাকার বিষয়ে নির্দেশনা দেবেন। এ ছাড়া শিগগিরই আওয়ামী লীগের কেন্দ্রীয় কার্যনির্বাহী সংসদেরও বৈঠক হতে পারে। সেখানেও বিষয়টি আলোচিত হবে। নির্বাচনে দলীয় সিদ্ধান্ত অমান্য করলে সরাসরি বহিষ্কারের বিধান রয়েছে আওয়ামী লীগের গঠনতন্ত্রে। এ ছাড়া মন্ত্রী-সংসদ সদস্যরা যাতে উপজেলা নির্বাচনে প্রভাব বিস্তার করতে না পারেন, সে জন্য স্থানীয় প্রশাসন ও পুলিশকেও নানাভাবে নির্দেশনা দেওয়া হয়েছে সরকারের পক্ষ থেকে। আওয়ামী লীগের নেতারাও বিভিন্ন জেলায় প্রশাসনকে নিরপেক্ষভাবে কাজ করার পরামর্শ দিচ্ছেন।

## রাজবাড়ীতে ৪৫তম জাতীয়

কলেজের হিসাব বিজ্ঞান বিভাগের সহযোগী অধ্যাপক মোঃ আশরাফ হোসেন খান, রাজবাড়ী সরকারী কলেজের গণিত বিভাগের সহকারী অধ্যাপক অদ্বৈত কুমার দাস, ডাঃ আবুল হোসেন বিশ্ববিদ্যালয় কলেজের অধ্যক্ষ চৌধুরী আহসানুল করিম হিটু, রাজবাড়ী সরকারী আদর্শ মহিলা কলেজের প্রাণী বিজ্ঞান বিভাগের সহকারী অধ্যাপক আব্দুল্লাহীল হাসান, রাজবাড়ী সরকারী আদর্শ মহিলা কলেজের প্রভাষক নাজির হোসেন, সিভিল সার্জন কার্যালয়ের মেডিকেল অফিসার ডাঃ আব্দুল গাফফার, শ্রী-পুর লজ্জাতুন্নেছা কামিল মাদ্রাসার অধ্যক্ষ মোঃ হেমায়েত উদ্দিন, রাজবাড়ী সরকারী উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক(ভারপ্রাপ্ত) মোঃ মনজুরুল হক ও রাজবাড়ী মহিলা বিষয়ক অধিদপ্তরের প্রোগ্রাম অফিসার তাহমিদা খানমসহ সহ সংশ্লিষ্টরা উপস্থিত ছিলেন।

জানা গেছে, ৪৫ তম বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ আগামী ২৪শে এপ্রিল রাজবাড়ী সরকারী বালিকা উচ্চ বিদ্যালয় ভেন্যুতে অনুষ্ঠিত হবে। ওইদিন সকাল ১০টায় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহের উদ্বোধন হবে এবং পরের দিন ২৫শে এপ্রিল বিকালে পুরস্কার বিতরণী অনুষ্ঠানের মধ্য দিয়ে ৪৫তম বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ শেষ হবে।

## ৬৪ জেলার স্কুল শিক্ষার্থীদের

বিস্তারিত আলোচনা করা হয়।

এ সময় সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের সচিব, বিভিন্ন সংস্থার প্রধানগণসহ সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় এবং বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়ের সংশ্লিষ্ট কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

## মাতৃভূমি রক্ষা

অ্যান্ড স্ট্র্যাটেজিক স্টাডিজ (বিআইআইএসএস) মিলনায়তনে 'ডিফেন্স ডিপ্লোমেসি: স্ট্র্যাটেজি ফর বাংলাদেশ' শীর্ষক সেমিনারে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সেনাপ্রধান বলেন, মাতৃভূমিকে রক্ষা করা, দেশের সার্বভৌমত্ব রক্ষা করা আমাদের কর্তব্য এবং আমরা তার জন্য প্রস্তুত আছি। আমরা সবকিছুই করছি। বঙ্গবন্ধুর পররাষ্ট্র নীতির বাণী 'সবার সঙ্গে বন্ধুত্ব, কারও সঙ্গে বৈরিতা নয়' উল্লেখ করে তিনি বলেন, এই পররাষ্ট্রনীতি বাস্তবায়নে আমরা সবকিছু করছি। জাতীয় নিরাপত্তা বজায় রেখে টেকসই অর্থনৈতিক প্রবৃদ্ধির ওপর গুরুত্বারোপ করে সেনাপ্রধান বলেন, কূটনীতি যেকোনো ধরনের জাতীয় স্বার্থ অর্জনের প্রচেষ্টা ছাড়া আর কিছুই নয়।

বেসামরিক শক্তির সহায়তায় সেনাবাহিনী কীভাবে দেশে গঠনমূলক কর্মকাণ্ড, দেশ-বিদেশে দুর্যোগ ব্যবস্থাপনা এবং অভ্যন্তরীণ নিরাপত্তার দায়িত্ব পালন করছে সে কথাও উল্লেখ করেন তিনি। সেনাপ্রধান বলেন, যেখানেই সুযোগ আছে, তা প্রত্যক্ষ হোক বা পরোক্ষ, আমরা সুযোগ গ্রহণ করি এবং বাংলাদেশের স্বার্থে সবকিছু করি। সামরিক কূটনীতির কথা বলতে গিয়ে জেনারেল শফিউদ্দিন আহমেদ বলেন, আরও সম্পদ ও বাজেট বরাদ্দ করে তাদের সক্ষমতা বাড়াতে হবে। আমরা জানি কীভাবে এটা করতে হয়। কিন্তু আমাদের এটা করার সামর্থ্য থাকা উচিত।

মিয়ানমার ইস্যু প্রসঙ্গে সেনাপ্রধান বলেন, মিয়ানমারের সামরিক নেতাদের কেউ কেউ আন্তর্জাতিক নিষেধাজ্ঞার মুখোমুখি হচ্ছেন এবং এখানে নিজেদের সমস্যায় ফেলার ঝুঁকি রয়েছে। এক বন্ধুকে খুশি করার জন্য আমরা আরেক বন্ধুর বিরোধিতা করতে পারি না। বেশকিছু বিষয় রয়েছে যা আমাদের খেয়াল করতে হবে। এসব ঘটনার প্রভাবও বিবেচনায় নেয়া হয়েছে। আমরা আমাদের সর্বোচ্চ চেষ্টা করছি এবং আমরা সঠিক পথেই রয়েছি। জেনারেল শফিউদ্দিন বলেন, দূর থেকে চালানো যায় এমন কিছু যানবাহন দেশেই তৈরি হচ্ছে যা বাংলাদেশ সেনাবাহিনীর জন্য বেশ উপকারে আসবে। আগে এসব যন্ত্রপাতি আমদানি করতে হতো। তাই এখন আমাদের প্রচুর বৈদেশিক মুদ্রা সাশ্রয় হচ্ছে।

সেনাপ্রধান বলেন, বাংলাদেশ সেনাবাহিনী কেবল যুদ্ধে লড়াই করাই শেখে না, বরং জাতীয় স্বার্থে কীভাবে যুদ্ধ প্রতিরোধ বা এড়াতে হয় তা-ও জানে। আমরা সঠিক পথেই আছি এবং আমরা আমাদের দায়িত্ব পালনে ব্যর্থ হবো না। একইসঙ্গে তিনি বলেন, দেশের সার্বভৌমত্ব রক্ষা করা সামরিক বাহিনীর প্রধান দায়িত্ব। এটি তারা কখনও ভুলে যায় না এবং এ কাজে সবসময় তাদের প্রস্তুত থাকতে হবে। উদ্দেশ্য রাতারাতি পরিবর্তন হতে পারে। কিন্তু সক্ষমতা রাতারাতি পরিবর্তন হয় না। আজ আপনি আমার বন্ধু, আগামীকাল বন্ধু না-ও হতে পারেন। কিন্তু জাতীয় স্বার্থ, মাতৃভূমি রক্ষায় আমাদের সক্ষমতা থাকতে হবে- পররাষ্ট্রনীতির এই আদেশ আমাদের সবার জন্য সমান।

অনুষ্ঠানে আরও বক্তব্য দেন, বিআইআইএসএস চেয়ারম্যান রাষ্ট্রদূত এ এফ এম গওসোল আযম সরকার ও মহাপরিচালক মেজর জেনারেল মো. আবু বকর সিদ্দিক খান।

## বিএনপি সরকারের

না। তাদের চিন্তাই ছিলো, আমরা প্রতিনিয়ত অন্যের কাছে হাত পেতে চলবো। অন্যের মুখাপেক্ষী হয়ে থাকবো, আর ভিক্ষা চেয়ে খাবার এনে খাবো। গতকাল বৃহস্পতিবার সকালে প্রাণিসম্পদ সেবা সপ্তাহ ও প্রদর্শনী ২০২৪-এর উদ্বোধনী অনুষ্ঠানে অংশ নিয়ে তিনি এ কথা বলেন। রাজধানীর শেরেবাংলা নগরে পুরাতন বাণিজ্য মেলার মাঠে এ মেলা আয়োজন করেছে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।

অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন, জাতির পিতা বলে গেছেন- আমাদের আছে সোনার মাটি, আমাদের ফসল আমরা ফলাবো। আমরা তা প্রমাণ করেছি। বাংলাদেশকে খাদ্য ঘাটতির দেশ থেকে খাদ্য উদ্বৃত্তের দেশে পরিণত করেছি। ২০০১ যখন আমি ক্ষমতা হস্তান্তর করি, তখনো ২৬ লাখ মেট্রিক টন খাদ্য উদ্বৃত্ত আমরা রেখে গিয়েছিলাম। দুর্ভাগ্যের বিষয়, ২০০৯ সালে সরকারে এসে দেখি, সেই ২৬ লাখ উদ্বৃত্ত তো দূরের কথা, বরং ৩০ লাখ মেট্রিক টন খাদ্য ঘাটতি রয়েছে বাংলাদেশে। আবার সেখান থেকে আমরা খাদ্যে স্বয়ংসম্পূর্ণ হয়েছি।

বাংলাদেশ মিঠা পানির মাছ উৎপাদনে স্বয়ংসম্পূর্ণ জানিয়ে শেখ হাসিনা বলেন, এত খাল-বিল, নদী-নালার দেশ আমরা; আমাদের দেশের মানুষের কেনো আমিষের কষ্ট হবে! অনেক দেশি মাছ হারিয়ে যেতে বসেছিল। গবেষকরা গবেষণা করে সেগুলো উৎপাদনে ফিরিয়ে এনেছেন। ফলে অনেক বিলুপ্তপ্রায় মাছ আবার ফিরে পাচ্ছি। গবেষণা ছাড়া কোনো দেশ এগিয়ে আনতে পারে না, এটাই হলো বড় কথা। তাছাড়া মুরগির ক্ষেত্রেও গবেষণা করে করে বিভিন্ন ধরনের পাখি এখন উৎপাদন হচ্ছে। শুধু ডিমই না, মাংসও এখন মানুষ খেতে পারছে।

খাদ্য নিরাপত্তার কথা উল্লেখ করে শেখ হাসিনা বলেন, আমরা উন্নয়নশীল দেশের মর্যাদা পেয়েছি, ২০২৬ সাল থেকে তা শুরু হবে। এর মধ্যে আমাদের প্রস্তুতি নিতে হবে। একদিকে যেমন আমাদের গণমানুষের খাদ্য নিরাপত্তা নিশ্চিত করতে হবে, তাদের স্বাস্থ্য সুরক্ষার ব্যবস্থা করতে হবে, একই সঙ্গে আমিষ সরবরাহের জন্য আমাদের হাঁস-মুরগি, পশু-পাখিও লালন-পালন করতে হবে। কারণ আমাদের আমিষ আমরাই তৈরি করব, দেশের মানুষকে দেবো। আমাদের প্রথম লক্ষ্য খাদ্য নিরাপত্তা দেওয়া, দ্বিতীয় লক্ষ্য পুষ্টির নিশ্চয়তা দেওয়া। এখন আমরা সেই পদক্ষেপই হাতে নিয়েছি। বিএনপি সরকারের সমালোচনা করে প্রধানমন্ত্রী বলেন, আমাদের আগে যারা ক্ষমতায় ছিলেন, যেমন- খালেদা জিয়া ঘোষণা দিলেন, দেশের মানুষকে ডাল-ভাত খাওয়াবেন। সেই ডাল-ভাত খাওয়াতেও কিন্তু ব্যর্থ হয়েছিল। এরপর ২০০৭ সালে আসলো তত্ত্বাবধায়ক সরকার। ফখরুদ্দীন সাহেব প্রধান উপদেষ্টা, ইয়াজউদ্দিন রাষ্ট্রপতি, সেনাপ্রধান মঈন উদ্দিন। মেজর জেনারেল মঈন উদ্দিন আবার ঘোষণা দিলেন আলু খাওয়ার জন্য। হাজার পদের আলুর নানা রকমের তালিকা তৈরি করা হলো এবং তার আবার প্রদর্শনী হলো। বেশ উন্নত হোটেলে। মানুষ ভাত পাচ্ছে না। তাতে কী, আলু খাবে!

শেখ হাসিনা বলেন, কেউ আমাদের ডাল-ভাত খাওয়াতে চাইলো, কেউ আমাদের আলু খাওয়াতে চাইলো। কিন্তু আমরা তো মাছে-ভাতে বাঙালি। মাছ-ভাত পেলেই তো যথেষ্ট। সেটাই আমরা চাই। সেটাই আমাদের লক্ষ্য। কাজেই আমরা সেদিকে দৃষ্টি দিয়েছি। এখন অন্তত বলতে পারি- মাছ-ভাতের অভাবটা নাই, ডাল-ভাতেরও অভাব নাই। তবে মানুষের চাহিদা এখন মাংস। আরও বড় বড় মাছ, সবকিছু খাবে। মৎস্য ও প্রাণিসম্পদমন্ত্রী মো. আব্দুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠানে স্বাগত বক্তব্য দেন, মন্ত্রণালয়ের সচিব মো. সেলিম উদ্দিন। অনুষ্ঠানে বাংলাদেশ ডেইরি ফার্মার্স অ্যাসোসিয়েশনের সভাপতি ইমরান হোসেন দেশের ডেইরি খাতের প্রতিনিধি হিসেবে এবং বাংলাদেশ পোলট্রি ইন্ডাস্ট্রি সেন্ট্রাল কাউন্সিলের (বিপিআইসিসি) যুগ্ম আহ্বায়ক মশিউর রহমান পোলট্রি খাতের প্রতিনিধি হিসেবে বক্তব্য দেন।

শুরুতে প্রাণিসম্পদ খাতে বর্তমান সরকারের অগ্রগতি ও অর্জনের ওপর একটি তথ্যচিত্র প্রদর্শন করা হয়। এবারের প্রতিপাদ্য হচ্ছে 'প্রাণিসম্পদে ভরব দেশ, গড়ব স্মার্ট বাংলাদেশ।' উদ্বোধন শেষে প্রধানমন্ত্রী প্রদর্শনী পরিদর্শন করেন। মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় এবং প্রাণিসম্পদ অধিদফতরের আয়োজনে প্রতিদিন সকাল ১০টা থেকে রাত ৮টা পর্যন্ত প্রদর্শনীটি খোলা থাকবে। দুই দিনব্যাপী প্রদর্শনী শেষ হবে শুক্রবার। দর্শনার্থীদের কোনো প্রবেশমূল্য লাগবে না। সারা দেশের পোলট্রি ও ডেইরি খামারিরা মেলায় তাদের গবাদি পশু-পাখি প্রদর্শনের জন্য যোগ দিয়েছেন। ৬৪ জেলার ৪৬৬টি উপজেলাতেও পাঁচ দিনব্যাপী অনুরূপ মেলার আয়োজন করা হয়েছে।

## রাজবাড়ীতে প্রাণিসম্পদ

প্রকাশ রঞ্জন বিশ্বাস, সদর উপজেলা পরিষদের চেয়ারম্যান(ভারপ্রাপ্ত) রকিবুল হাসান পিয়াল, জেলা প্রাণিসম্পদ এসোসিয়েশনের সভাপতি আবুল কালাম আজাদ কোহিনুর প্রমুখ বক্তব্য রাখেন।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন সদর উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা ডাঃ খায়ের উদ্দিন আহমেদ।

এ সময় রাজবাড়ী সদর উপজেলা কৃষি কর্মকর্তা মোঃ জনি খান, জেলা ও সদর উপজেলা প্রাণি সম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতালের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাগণসহ সদর উপজেলার প্রাণি সম্পদ সংশ্লিষ্ট উপকার ভোগীগণ ও খামরীরা উপস্থিত ছিলেন।

প্রধান অতিথির বক্তব্যে জেলা প্রশাসক আবু কায়সার খান বলেন, মাননীয় প্রধানমন্ত্রী চেষ্টা করে যাচ্ছেন দেশকে খাদ্যে ও আমিষে স্বয়ং সম্পন্ন করতে। যাতে বেশী উৎপাদনের মাধ্যমে আমাদের চাহিদা মিটিয়ে বিশ্বের যেসব দেশে খাদ্যের ঘাটতি রয়েছে সে সব দেশের মানুষের চাহিদা কিছুটা হলেও পূরণ করা যায়। সেই জন্য দেশের প্রতি ইঞ্চি জমিতে যাতে কিছু না কিছু আবাদ করা য়ায় সে জন্য দেশবাসীর প্রতি আহবান জানিয়েছেন তিনি। আমরা রাজবাড়ীবাসী অবশ্যই প্রধানমন্ত্রীর সেই আহবানে সারা দিয়ে কোন জমি ফাকা না থাকে সেই উদ্যোগ নিয়ে কাজ করব। আর আমি মনে করি রাজবাড়ী জেলা কৃষি ফসল উৎপাদন ও প্রাণি সম্পদ উন্নয়নের মাধ্যমে দেশের অন্য জেলার তুলনায় অবশ্যই ভালো করবে। কারণ রাজবাড়ী জেলার মাটি কৃষি কাজের জন্য অত্যন্ত ভালো হওয়ায় এখানে অধিকাংশ জমিতে দুই বা তিন বার ফসল উৎপাদন হয়। আবার রাজবাড়ী জেলায় যে দুগ্ধ খামার ও অন্যান্য প্রাণি যেমন-গরু, ছাগল, মুরগী, ছাগল, হাঁস, মৎস্য ইত্যাদি খামার রয়েছে সেগুলো অত্যন্ত ভালো মানের দুধ, মাংস, ডিম উৎপাদন করছে। রাজবাড়ী জেলার দুধ ও খাশির মাংস দেশের যে কোন জেলার তুলনায় অত্যন্ত উন্নত মানের। সেই কারণে এ জেলার উৎপাদিত দুধে ফ্যাটের পরিমান বেশী থাকায় রাজবাড়ীর বিখ্যাত চমচমসহ যে কোন দুধে তৈরী খাদ্য পণ্য খুব ভালো মানের হয়। সে জন্য আমরা যদি এই কৃষি ও প্রাণিসম্পদ পণ্য গুলোকে প্রক্রিয়াজাতকরণের মাধ্যমে উন্নতমানের প্যাকেটজাত করে ব্রান্ডিংয়ের মাধ্যমে রাজধানীসহ অন্য শহরগুলোতে ও দেশের বাইরে রপ্তানীর উদ্যোগ গ্রহণ করা যায় তবে আমাদের এই পণ্যগুলো দেশে বিদেশের অনেক বড় বড় বাজার ধরতে পারবে। যাতে করে জেলায় কর্মসংস্থানসহ অনেক নতুন নতুন উদ্যোক্তা সৃষ্টি হবে। যার মধ্য দিয়ে আমরা নিজেদের অর্থনৈতিক উন্নতির পাশাপাশি দেশের উন্নয়নে নিজেরা অবদান রাখার মাধ্যমে মাননীয় প্রধানমন্ত্রীর ঘোষণা অনুযায়ী ২০৪১ সালের স্মার্ট উন্নত বাংলাদেশ বিনির্মাণের অংশিদার হতে পারব। আর এই উন্নত স্মার্ট বাংলাদেশই হবে জাতির পিতার স্বপ্নের সোনার বাংলাদেশ।

এছাড়া তিনি তার বক্তব্যে প্রাণি সম্পদ উন্নয়ন, প্রক্রিয়াজাত ও বাজারজাতকরণের বিভিন্ন বিষয়সহ এ সম্পর্কিত বিষয়ে সরকারের বিভিন্ন উদ্যোগের কথা তুলে ধরে বক্তব্য রাখেন। পাশাপাশি তিনি সকলকে যার যে টুকু জমি আছে সেখানেই যা চাষ করা যায় সেগুলো চাষ করার আহবান জানান।

উল্লেখ্য, রাজবাড়ী সদর উপজেলা প্রাণি সম্পদ দপ্তরের আয়োজনে ও প্রাণি সম্পদ অধিদপ্তরের প্রাণি সম্পদ ও ডেইরী উন্নয়ন প্রকল্প(এলডিডিপি) সহযোগিতায় ৫০টি স্টলের মাধ্যমে দিনব্যাপী প্রাণিসম্পদ সম্পর্কিত বিভিন্ন প্রদর্শনী ও ১৮ই এপ্রিল থেকে ২২শে এপ্রিল ৫দিনব্যাপী প্রাণি সম্পদ সেবা দেওয়া হবে।

## ঘরে বসে আয়ের

কিংবা গৃহিনীদের জন্য এটা তো অনন্য সুযোগ। তাই যে কেউ-ই এমন প্রস্তাব লুফে নেবেন। এই সহজগম্যতাকে পুঁজি করেই গড়ে উঠেছে প্রতারকচক্র। যারা ঘরে বসে অনলাইনে আয়ের সুযোগ করে দেওয়ার কথা বলে মূলত প্রতারণা করে। এ ধরনের প্রতারণা নতুন না হলেও সম্প্রতি তা বেড়েছে। প্রশ্ন উঠেছে, এ ধরনের প্রতারণা করার ক্ষেত্রে অনেক সময় প্রতারকরা দেশীয় নম্বরও ব্যবহার করছে। সেক্ষেত্রে তাদের পরিচয় শনাক্ত করা খুব কঠিন কিছু নয়, তারপরও তাদের বিরুদ্ধে কোনও ব্যবস্থা নেওয়া হচ্ছে না কেনো?

সম্প্রতি এমন কল পেয়েছেন, এমন একজনের কথা হয় এই প্রতিবেদকের সঙ্গে। তিনি জানান, তার কাছে প্রথম কলটি আসে ২০২৩ সালে। অনলাইনে ঘরে বসে দিনে ২ হাজার টাকা আয়ের সুযোগ। দুয়েকবার কল কেটে দেওয়ার পরে বন্ধু আড্ডায়, অফিসে কিংবা বাসে একই আলাপ। কল আসে, ইংরেজিতে কথা বলতে চায়, নানা অফার দিয়ে কখনও কখনও বিকাশ নম্বরও চায়। কী হচ্ছে আসলে, এরা কারা? ফোনকলে আসলে প্রতারকরা কী ধরনের কথা বলেন, পাওয়া গেলো একটি ধরনও। একটি কলে বলা হচ্ছে, হ্যালো (নাম), আমি ডিজিটাল মার্কেটিং কোম্পানি থেকে বলছি। আমরা আপনাকে ঘরে বসেই পার্টটাইম চাকরির অফার করতে চাই। আপনার নম্বরটি হোয়াটসঅ্যাপ করা? তাহলে সেখানে লিংক পাঠাই? প্রথম সাবস্ক্রিপশনে ১ হাজার টাকা পরের দিন থেকে দিনে সাত থেকে ১০টি লিংক সাবস্ক্রাইব করবেন, প্রতিটা ১০০ করে। কিংবা আরেকটি কাজ করেও আপনি দৈনিক ১৫০০ থেকে ২ হাজার টাকা আয় করতে পারবেন। আপনি কি কাজটি করতে আগ্রহী? যদি আগ্রহী হন তাহলে আমরা আপনাকে এ বিষয়ে বিস্তারিত হোয়াটসঅ্যাপে পাঠাচ্ছি। অনুসন্ধানের জন্য কলদাতাকে পরিচয়, তাদের প্রতিষ্ঠানের ঠিকানা, দিনে কতজনকে এরকম নিয়োগ দেওয়া হয় জানতে চাইলে তিনি কল কেটে দিয়ে ব্লক করে দেন। গত কয়েকমাস ধরে আরও অনেকেই এমন ফোন পেয়েছেন বলে জানা গেছে। কখনও স্ন্যাপটেক ডিজিটাল মার্কেটিং, কখনও আর্চ ডিজিটাল মার্কেটিং কোম্পানির পরিচয়ে এসব ফোনকল পাওয়া যায়। সাবস্ক্রিপশনের বিষয়টি আরও ভয়াবহ।

জয়পুরহাটের এক ভুক্তভোগী জানান, একের পর এক কল আসতে শুরু করে। প্রতিবারই ভিন্ন ভিন্ন নম্বর থেকে ফোন আসছে এবং ইংরেজিতে ঘরে বসে 'পার্টটাইম চাকরি'র লোভনীয় অফার দিচ্ছে। পরে বিরক্ত হয়ে কয়েকটি ইউটিউব চ্যানেল সাবস্ক্রাইব করার পর তাকে বিনিয়োগ করতে বলা হয়। সেটা নিয়ে তাকে নানা হুমকিও দিতে শুরু করে চক্রটি। 'ফিশিং বড় ইন্ডিকেটর, এরপরে বড় হ্যাকিং ঘটবে' উল্লেখ করে সাইবার সিকিউরিটি এক্সপার্ট তানভীর হাসান জোহা বলেন, কেবল বাংলাদেশে নয়, বিশ্বের সব দেশে ফিশিং আছে। আপনি ইন্টারনেটে যুক্ত হওয়ার সঙ্গে সঙ্গে নানা প্রলোভন দিতে থাকবে। আমাদের দেশে এটা বেশি দিনের না। কিন্তু এত ওপেন, এত ঘনঘন এসব হওয়ার পরেও চুপ থাকার কারণে সামনে বড় বিপদ দেখতে পাচ্ছি। প্রলোভন কত ছোট সেটা বিবেচনা করে আমলে না নেওয়ার কোনও সুযোগ নেই। এটা থামাতে চাইলে প্রযুক্তির যে কোনও সমস্যাকেই আমলে নিতে হবে। হয়তো ভাবছেন ২-৩ হাজার টাকা গেছে, এ নিয়ে থানা পুলিশ করে কী হবে। মনে রাখতে হবে সামগ্রিকভাবে অনেক টাকা। বাংলাদেশে ফিশিংয়ে লোকাল টেলিটক নম্বর ব্যবহার করা হয়। সেটা কার নামে ব্যবহার হচ্ছে সেটা চাইলেই বের করা যায়। কথা হলো পরিস্থিতির ভয়াবহতা আমরা বুঝতে পারছি কি-না।

এদিকে, পুলিশ বলছে, আকর্ষণীয় বেতনে ঘরে বসে পার্টটাইম বা ফুলটাইম চাকরির প্রস্তাবে সাড়া দিয়ে লাখ লাখ টাকাও হারিয়েছেন এই ধরনের অভিযোগও অছে। জানা গেছে, চক্রগুলো সাধারণত প্রথমে অল্প পরিমাণ টাকা দিয়ে বিশ্বাস স্থাপন করে।

## হারিয়েছে

আমার এইচএসসি পরীক্ষার সার্টিফিকেট যার রোল নং-১৮০১১০৫৪০১৩, রেজিঃ নং-১৮০১১০৫৪০১৩, পাশের সাল-২০২০, বোর্ড-ঢাকা হারিয়েছে। রাজবাড়ী থানার জিডি নং-৭৫৭, তাং-১৬/৪/২০২৪ইং।

আরিফা খাতুন
রাজবাড়ী।



## সোনার দামে নতুন

প্রাইস মনিটরিং কমিটি বৈঠক করে দাম বাড়ানোর সিদ্ধান্ত নিয়েছে। পরবর্তীতে কমিটির চেয়ারম্যান মাসুদুর রহমান সই করা এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে। এতে বলা হয়, স্থানীয় বাজারে তেজাবী সোনার দাম বেড়েছে। তাই সার্বিক পরিস্থিতি বিবেচনায় বাজুস সোনার নতুন দাম নির্ধারণ করেছে, যা বৃহস্পতিবার সন্ধ্যা ৭টা থেকে কার্যকর হবে। নতুন মূল্য অনুযায়ী, সব থেকে ভালো মানের বা ২২ ক্যারেটের এক ভরি সোনার দাম ২ হাজার ৬৫ টাকা বাড়িয়ে নির্ধারণ করা হয়েছে ১ লাখ ১৯ হাজার ৬৩৮ টাকা। ২১ ক্যারেটের এক ভরি সোনার দাম ১ হাজার ৯৯৪ টাকা বাড়িয়ে ১ লাখ ১৪ হাজার ২০২ টাকা নির্ধারণ করা হয়েছে। এছাড়া ১৮ ক্যারেটের এক ভরি সোনার দাম ১ হাজার ৬৫৬ টাকা বাড়িয়ে ৯৭ হাজার ৮৮৪ টাকা নির্ধারণ করা হয়েছে। তবে সনাতন পদ্ধতির এক ভরি সোনার দাম ১ হাজার ৩৮৮ টাকা কমিয়ে ৭৮ হাজার ৮০২ টাকা নির্ধারণ করা হয়েছে।

অবশ্য সোনার গহনা কিনতে ক্রেতাদের এর থেকে বেশি অর্থ গুনতে হবে। কারণ বাজুস নির্ধারণ করা দামের ওপর ৫ শতাংশ ভ্যাট যোগ করে সোনার গহনা বিক্রি করা হয়। সেইসঙ্গে ভরি প্রতি মজুরি ধরা হয় নূন্যতম ৩ হাজার ৪৯৯ টাকা। ফলে আগামীকাল থেকে ২২ ক্যারেটের এক ভরি সোনার গহনা কিনতে ক্রেতাদের ১ লাখ ২৯ হাজার ১১৯ টাকা গুনতে হবে। এর আগে ৮ এপ্রিল সব থেকে ভালো মানের বা ২২ ক্যারেটের এক ভরি সোনার দাম ১ হাজার ৭৪৯ টাকা বাড়িয়ে নির্ধারণ করা হয় ১ লাখ ১৭ হাজার ৫৭৩ টাকা। ২১ ক্যারেটের এক ভরি সোনার দাম ১ হাজার ৬৩৩ টাকা বাড়িয়ে ১ লাখ ১২ হাজার ২০৮ টাকা নির্ধারণ করা হয়। এছাড়া ১৮ ক্যারেটের এক ভরি সোনার দাম ১ হাজার ৪৫৮ টাকা বাড়িয়ে ৯৬ হাজার ২২৮ টাকা নির্ধারণ করা হয়। আর সনাতন পদ্ধতির এক ভরি সোনার দাম ১ হাজার ২২৫ টাকা বাড়িয়ে ৮০ হাজার ১৯০ টাকা নির্ধারণ করা হয়। আজ সন্ধ্যা ৭টা পর্যন্ত এ দামেই দেশের বাজারে সোনা বিক্রি হয়েছে।

## গোয়ালন্দের প্রতিবন্ধী

বিকাশ চন্দ্রের সভাপতিত্বে অনুষ্ঠানে অন্যন্যাদের মধ্যে উপজেলা সমাজসেবা কর্মকর্তা মোঃ রুহুল আমীন, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা দেওয়ান তোফায়েল হোসেন, দৌলতদিয়া ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান আব্দুর রহমান মন্ডল, গোয়ালন্দ প্রেসক্লাবের সভাপতি মোঃ আবুল হোসেন মোল্লা, সাধারণ সম্পাদক শামীম শেখ, সাবেক সভাপতি গণেশ পাল ও রাশেদুল হক রায়হান প্রমুখ উপস্থিত ছিলেন।

এ বিষয়ে গোয়ালন্দ উপজেলা নির্বাহী অফিসার জ্যোতি বিকাশ চন্দ্র বলেন, প্রধানমন্ত্রীর ত্রাণ-তহবিলের ভিক্ষুক পুনর্বাসন ও বিকল্প কর্মসংস্থান প্রকল্পের আওতায় গোয়ালন্দ উপজেলা প্রতিবন্ধী সংস্থার সদস?্যরা ভিক্ষা বৃত্তি বাদ দিয়ে অন্য কোনো কর্মসংস্থান সৃষ্টি করতে পারে এজন্যই এ অনুদান প্রদান করা হয়েছে। সংস্থাটি এ অনুদান নিয়ে ঝাড়ু তৈরির কারখানা দিয়ে নতুন ভাবে জীবন শুরু করবে বলে আমি আশা করছি।

## ঢাকায় চীনের ভিসা

আবেদনকারীকে ভিসা আবেদন কেন্দ্রের ওয়েবসাইটে-ডব্লিউডব্লিউডব্লিউ ডট ভিসাফরচায়না ডট সিএন-এ লগ ইন করে অনলাইনে আবেদন ফর্ম পূরণ করতে হবে এবং তারপর ভিসা আবেদন কেন্দ্রে গিয়ে প্রক্রিয়াকরণের জন্য যেতে হবে। দূতাবাস আর সাধারণ পাসপোর্টধারীদের ভিসার আবেদন এবং বৈধকরণের আবেদন সরাসরি গ্রহণ করবে না। চীনা দূতাবাস থেকে ধার্য করা ভিসা ফি এবং প্রযোজ্য ক্ষেত্রে এক্সপ্রেস সার্ভিস ফির পাশাপাশি আবেদনের জন্য একটি ফি নেওয়া হবে।

অনুষ্ঠানে চীনা রাষ্ট্রদূত বলেন, বাংলাদেশ ও চীনে মধ্যে সব পর্যায়ে সম্পর্ক দিন দিন বাড়ছে। দুই দেশের জনগণের মধ্যে সম্পর্ক বাড়ছে। সে কারণে চীনা ভিসা আরও সহজীকরণের উদ্যোগ নেওয়া হয়েছে। এর অংশ হিসেবে এই ভিসা সেন্টার চালু করা হলো।

অনুষ্ঠানে পররাষ্ট্র মন্ত্রণালয়ের মহাপরিচালক (পূর্ব এশিয়া ও প্রশান্ত মহাসাগরীয়) তৌফিক হাসান বলেন, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ১৯৫২ সালে চীন সফর করেন। তিনি 'আমার দেখা নয়া চীন' বইয়ে তার সেই অভিজ্ঞতা লিখেছেন। আমাদের দেশের জনগণেরও চীন সম্পর্কে আগ্রহ রয়েছে। তিনি আরও বলেন, চীনের এই নতুন স্মার্ট সেন্টারের মাধ্যমে ভিসা পাওয়া আরও সহজ হবে। ভিসা সহজ হলে দুই দেশের জনগণের সম্পর্ক আরও বাড়বে বলেও তিনি আশা প্রকাশ করেন।

ঢাকার চীনা দূতাবাস জানায়, ভিসা সেন্টার চালুর পর থেকে বাংলাদেশের সাধারণ পাসপোর্টধারীরা এখানে ভিসার আবেদন জমা দিতে পারবেন। তবে কূটনৈতিক ও অফিসিয়াল পাসপোর্টধারীদের ভিসার আবেদন দূতাবাসে গিয়েই করতে হবে। ছুটির দিন ছাড়া রোববার থেকে বৃহস্পতিবার ভিসা সেন্টার খোলা থাকবে। আবেদন জমা এবং ফি জমা দেওয়ার সময় নির্ধারণ করা হয়েছে সকাল ৯টা থেকে বেলা ৩টা পর্যন্ত। আর পাসপোর্ট সংগ্রহের সময় সকাল ৯টা থেকে বিকাল ৪টা।

## জাতীয় শিক্ষা সপ্তাহ

আইসিটি) জয়ন্তী রূপা রায়, জেলা শিক্ষা অফিসার মোঃ হাবিবুর রহমান, সহকারী কমিশনার(শিক্ষা শাখা) মোহাঃ জাহাঙ্গীর আলম বাবু, সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট নাহিদ আহমেদ, সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট(আইসিটি শাখা) মোঃ পলাশ উদ্দিন, রাজবাড়ী সরকারী কলেজের হিসাববিজ্ঞান বিভাগের সহযোগী অধ্যাপক মোঃ আশরাফ হোসেন খান, সিভিল সার্জন কার্যালয়ের মেডিকেল অফিসার ডাঃ আব্দুল গাফফার, শ্রীপুর লজ্জাতুন্নেছা কামিল মাদ্রাসার অধ্যক্ষ মোঃ হেমায়েত উদ্দিন, রাজবাড়ী সরকারী উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক(ভারপ্রাপ্ত) মোঃ মনজুরুল হক, ইয়াসিন উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোঃ ইকবাল হোসেন, রাজবাড়ী মহিলা বিষয়ক অধিদপ্তরের প্রোগ্রাম অফিসার তাহমিদা খানমসহ সহ বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান শিক্ষক ও সংশ্লিষ্টরা উপস্থিত ছিলেন।

জানা গেছে, এবার রাজবাড়ী জাতীয় শিক্ষা সপ্তাহ প্রতিযোগিতা রাজবাড়ীর শেরে বাংলা বালিকা উচ্চ বিদ্যালয় প্রাঙ্গণে আগামী ২৮শে এপ্রিল অনুষ্ঠিত হবে।

## প্রীতি ফুটবল ম্যাচ

অতিথি হিসেবে উপস্থিত থাকার কথা রয়েছে রেলপথ মন্ত্রী বীর মুক্তিযোদ্ধা মোঃ জিল্লুল হাকিম।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন এবং ব্যারিস্টার সুমন একাডেমির হয়ে ফুটবল খেলবেন হবিগঞ্জ-৪ আসনের সংসদ সদস্য ব্যারিস্টার সৈয়দ সায়েদুল হক সুমন।

এছাড়াও বিশেষ অতিথি হিসেবে থাকবেন রাজবাড়ী জেলা পরিষদের চেয়ারম্যান একেএম শফিকুল মোরশেদ আরুজ, বালিয়াকান্দি উপজেলা পরিষদের চেয়ারম্যান বীর মুক্তিযোদ্ধা মোঃ আবুল কালাম আজাদ, কালুখালী উপজেলা পরিষদের চেয়ারম্যান অলিউজ্জামান চৌধুরী টিটু, বালিয়াকান্দির উপজেলা নির্বাহী কর্মকর্তা মোঃ রফিকুল ইসলাম, বালিয়াকান্দি থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা(ওসি) মোঃ আলমগীর হোসেন, বালিয়াকান্দি উপজেলা আওয়ামী লীগের সভাপতি এম এ হান্নান, সাধারণ সম্পাদক(ভারপ্রাপ্ত) মোঃ এহসানুল হাকিম সাধন সহ স্থানীয় জনপ্রতিনিধি ও আওয়ামী লীগের নেতৃবৃন্দ।

বি.এন.বি.এস আন্তঃজেলা ফুটবল টুর্নামেন্ট পরিচালনা কমিটির সভাপতি মোঃ আবুল কালাম আজাদ বলেন, সামাজিক যোগাযোগ মাধ্যমের জনপ্রিয় মুখ হবিগঞ্জ-৪ আসনের সংসদ সদস্য ব্যারিস্টার সৈয়দ সায়েদুল হক সুমন শুক্রবার বিকাল ৩টায় ঐতিহ্যেবাহী বহরপুর রেলওয়ে মাঠে ফুটবল খেলতে আসবে। এই প্রীতি ফুটবল ম্যাচে ব্যারিস্টার সুমন ফুটবল একাডেমি বনাম মাগুরা জেলা ফুটবল একাদশ অংশগ্রহণ করবে। আমরা ইতিমধ্যেই খেলার মাঠটি প্রস্তুত করেছি। কাল রাজবাড়ী জেলা ও জেলার বাইরে থেকে কয়েক হাজার দর্শক ফুটবল খেলা দেখতে আসবে। আয়োজক কমিটির পক্ষ থেকে সকল প্রস্তুতি সম্পূর্ন হয়েছে।

রাজবাড়ীর পুলিশ সুপার জি.এম আবুল কালাম আজাদ পিপিএম(সেবা) বলেন, বহরপুর রেলওয়ে মাঠে ব্যারিস্টার সুমন তার একাডেমি নিয়ে ফুটবল খেলতে আসবে। এ খেলায় হাজার হাজার দর্শক হবে। আমাদের জেলা পুলিশের পক্ষ থেকে পর্যাপ্ত নিরাপত্তা ব্যবস্থা রাখা হবে। খেলার মাঠ সহ আশপাশের এলাকা আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে জেলা পুলিশের পক্ষ থেকে ৪স্তরের নিরাপত্তা ব্যবস্থা থাকবে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা
(জেলা কমিটি, রাজবাড়ী)
আপনি কি আর্থিকভাবে অসচ্ছল, দরিদ্র ও অসহায়?
আপনার কি দেওয়ানী/ফৌজদারী/পারিবারিক মামলা করা বা মামলায় প্রতিদ্বন্দ্বিতা করা প্রয়োজন?
আপনার কি আইনগত পরামর্শ প্রয়োজন?
আপনি কি আপোষযোগ্য বিরোধ/মামলা আপোষের মাধ্যমে মিমাংসা করতে চান?
উল্লেখিত প্রশ্নগুলির উত্তর হ্যাঁ হলে, আপনি সরকারী খরচে আইনগত সহায়তার জন্য আবেদন করতে পারেন।
সরকারী খরচে আইনি সেবাসমূহ
আইনগত পরামর্শ প্রদান · বিকল্প বিরোধ নিষ্পত্তি পদ্ধতি প্রয়োগ · আইনগত তথ্য সেবা প্রদান · সরকারী খরচে মামলা দায়ের ও পরিচালনা · সরকারী খরচে বিচারপ্রার্থীর পক্ষে মামলা পরিচালনার জন্য আইনজীবী নিয়োগ · বিনামূল্যে ওকালতনামা সরবরাহ · আইনজীবীর ফি পরিশোধ · সরকারী তহবিল হতে মামলার আনুসাঙ্গিক ব্যয় নির্বাহ।

যোগাযোগের ঠিকানা ঃ
জেলা লিগ্যাল এইড অফিস
জেলা জজ আদালত ভবন, রাজবাড়ী।
(জজ কোর্টের নিচ তলা, প্রথম গেটের সম্মুখে অবস্থিত)
সময় : সকাল ৯টা থেকে বিকাল ৫টার মধ্যে।
ফোন : ০১৭০০-৭৮৪২৮০, ০২৪৭৮৮০৭৮৭৬
আইন ও বিচার বিভাগ
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়

## প্রভাব খাটিয়ে আর

সভাপতিত্ব করেন পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ সচিব ড. শাহনাজ আরেফিন।

মন্ত্রী বলেন, অনেক পরিকল্পনা হয় কিন্তু বাস্তবায়নে হোঁচট খাচ্ছি। উন্নয়ন ও পরিবেশ পরস্পরবিরোধী এটা অনেকে বলি। তবে এখন একটা বিষয় বলছি টেকসই উন্নয়ন। এর জন্য টেকসই ধারা চলে এসেছে। সামনে সবচেয়ে বড় যুদ্ধ প্রকৃতির সঙ্গে। প্রকৃতির সঙ্গে যুদ্ধ করে বেশি দিন টিকে থাকা যায় না। সনাতনী পদ্ধতি ইট পোড়ানো পরিবেশ ও খাদ্য নিরাপত্তার জন্য হুমকি দাবি করে সাবের হোসেন চৌধুরী বলেন, আমরা ইটভাটার বিরুদ্ধে ব্যবস্থা নেবো। সনাতন পদ্ধতিতে ইট বানানোর কারণে বছরে ১৩ কোটি মেট্রিক টন মাটি ইটে ব্যবহার হচ্ছে। এটা পরিবেশ ক্ষতি হচ্ছে। পরিবেশ ও খাদ্যের ওপরও নেতিবাচক প্রভাব পড়ছে। বন উজাড় হচ্ছে কৃষিজমির ক্ষতি হচ্ছে।

## জাতিসংঘে বাংলাদেশ

আহমেদসহ জাতীয় চার নেতা, এ সরকারের প্রয়াত সদস্য এবং মহান মুক্তিযুদ্ধের ত্রিশ লাখ শহীদ এর আত্মার মাগফিরাত কামনা করে বিশেষ মোনাজাত করা হয়।

দিবসটি উপলক্ষ্যে প্রদত্ত রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর বাণী পাঠ করে শুনানো হয়। বাঙ্গালির মুক্তির ইতিহাসে ঐতিহাসিক মুজিবনগর দিবসের তাৎপর্য তুলে ধরে অনুষ্ঠানটিতে বক্তব্য দেন জাতিসংঘে নিযুক্ত বাংলাদেশের স্থায়ী প্রতিনিধি রাষ্ট্রদূত মোহাম্মদ আব্দুল মুহিত।

তিনি বলেন, জাতির পিতার নেতৃত্বে ২৩ বছরের স্বাধীনতা সংগ্রাম বাঙালি জাতিকে মহান মুক্তিযুদ্ধের দিকে পরিচালিত করেছিল। আর ১৯৭১ সালের ঐতিহাসিক ৭ই মার্চের ভাষণে উজ্জীবিত হয়ে বাঙালি জাতি নিজেদেরকে প্রস্তুত করতে শুরু করে। ঠিক সে সময়ে ২৫শে মার্চ অপারেশন সার্চলাইটের নামে পাকিস্তানী বাহিনী নিরস্ত্র বাঙালিদের উপর নির্মম হত্যাযজ্ঞ চালায়। পরবর্তীতে ২৬শে মার্চে জাতির পিতার স্বাধীনতার ঘোষণার মাধ্যমে বাঙালি জাতি ঝাঁপিয়ে পড়ে মহান মুক্তিযুদ্ধে। ১৭ই এপ্রিল স্বাধীন বাংলাদেশের প্রথম সরকার শপথ গ্রহণ করে এবং মহান মুক্তিযুদ্ধের প্রাতিষ্ঠানিক স্বীকৃতি ও আইনগত ভিত্তি স্থাপনে মুজিবনগর সরকারের ভূমিকা ছিল অসামান্য"।

মুজিবনগর সরকারের নেতৃত্ব, কৌশল ও সময়োপযোগী দিক-নির্দেশনার ফলে মুক্তিযুদ্ধ দ্রুততম সময়ে সফল সমাপ্তির দিকে এগিয়ে যায় মর্মে উল্লেখ করে রাষ্ট্রদূত মুহিত বলেন, 'মুজিবনগর সরকারের সবচেয়ে বড় চ্যালেঞ্জ ছিল প্রতিকূল পরিবেশ মোকাবিলা করে বিশ্ব জনমতকে বাংলাদেশের পক্ষে আনা যা তারা অত্যন্ত সফলতার সাথে করতে পেরেছিল। এই সরকার বিশ্ব সম্প্রদায়কে বাংলাদেশের পক্ষে আনতে বেশ কিছু সময়োযোগী পদক্ষেপ গ্রহণ করে।

ভারতসহ বিশ্বের বিভিন্ন দেশের পাকিস্তানী দূতাবাসে কর্মরত বাঙালি কূটনীতিকরা যেন দ্রুত পাকিস্তানের পক্ষ ত্যাগ করে মুজিবনগর সরকারের পক্ষে আনুগত্য প্রকাশ করেন, সে উদ্যোগ গ্রহণ করে"। এ সময় তিনি মুজিবনগর সরকারের কূটনৈতিক সাফল্যও তুলে ধরেন।

## আবারও রিজার্ভ

সপ্তাহ আগে এ রিজার্ভ ছিল দুই হাজার ১০ কোটি ৫৮ লাখ ৩০ হাজার মার্কিন ডলার (বিপিএম-৬)। বর্তমানে বৈদেশিক মুদ্রায় গঠিত বিভিন্ন তহবিলসহ গ্রস রিজার্ভের পরিমাণ দুই হাজার ৫৩০ কোটি ৩ লাখ ২০ হাজার মার্কিন ডলার। এক সপ্তাহ আগে মোট রিজার্ভের পরিমাণ ছিল দুই হাজার ৫৩৮ কোটি ৫২ লাখ মার্কিন ডলার। এক সপ্তাহে গ্রস রিজার্ভ কমল ৮ কোটি ৪৮ লাখ ৮০ হাজার ডলার। ২০২৩-২৪ অর্থবছরের শুরুতে গ্রস রিজার্ভ ছিল ২৯ দশমিক ৭৩ বিলিয়ন ডলার। আর বিপিএম-৬ অনুযায়ী তা দাঁড়ায় ২৩ দশমিক ৩৭ বিলিয়ন ডলারে। গত ২০ মার্চ বিপিএম-৬ অনুযায়ী, রিজার্ভ ছিল ১৯.৯৮ বিলিয়ন বা ১ হাজার ৯৯৮ কোটি ডলার। গত ৬ থেকে ২০ মার্চ পর্যন্ত দুই সপ্তাহে গ্রস রিজার্ভ কমে ১.০৯ বিলিয়ন ডলার এবং বিপিএম-৬ অনুযায়ী, কমে ১.১৬ বিলিয়ন ডলার।

## ৫০ বছরে বাংলাদেশের

আয়োজন করা হয়। বইটি সম্পাদনা করেছেন সিপিডির চেয়ারম্যান ড. রেহমান সোবহান ও অর্থনীতিবিদ অধ্যাপক ড. রওনক জাহান।

ড. রেহমান সোবহান বলেন, এর আগে ১৯৯৬ সালে বাংলাদেশ নিয়ে এ রকম আরেকটি বই প্রকাশ করা হয়েছিল। তখন ২৫ বছরের বাংলাদেশের অর্থনীতি নিয়ে এতটা উচ্চাশা ছিল না। সেখানে গার্মেন্টস সেক্টরে কতগুলো ভ্যালু অ্যাড হতে পারে সে বিষয়ে চিন্তা করা হয়নি। রেমিট্যান্স নিয়ে এতো চিন্তাভাবনা করা হয়নি। এখন পরবর্তী ২৫ বছরে এসব পার্থক্য খুঁজে বের করা হয়েছে। বাংলাদেশের অর্থনীতি ভালো অবস্থায় রয়েছে।

এসময় অন্য বক্তারা বলেন, ৫০ বছরে বাংলাদেশের সফলতা যেমন চোখে পড়ার মতো, তেমনি সমাজে অসমতা বেড়েছে। মূল্যস্ফীতি ও উন্নয়নের নিরিখে শ্রমিকের মজুরি বাড়েনি। তাঁরা আরও বলেন, দেশে সামষ্টিক ও ব্যক্তিগত উদ্যোগের মিলনে উন্নয়ন হয়েছে। সরকার ও বাজারের মধ্যে একধরনের মিথোজীবিতার সম্পর্ক তৈরি হয়েছে। এটাই উন্নয়নের চালিকা শক্তি। ফলে সম্পদ বা সুশাসনের অভাব দেশের উন্নয়নের পথে বাধা হয়ে দাঁড়াতে পারেনি।

## রাজবাড়ীর শংকর মিষ্টান্ন

মাথা ঘুরে পড়ে যান। পরে পরিবারের সদস্যরা তাকে দ্রুত উদ্ধার করে রাজবাড়ী সদর হাসপাতালে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক মৃত ঘোষণা করেন।

গতকাল ১৮এপ্রিল দুপুরে পৌর মহাশ্মাশানে তার শেষকৃত্য অনুষ্ঠিত হয়। তার মৃত্যুতে রাজবাড়ী লক্ষ্মীকোল হরিসভা মন্দির কমিটিসহ শহরের বিশিষ্টজনেরা গভীর শোক প্রকাশ করেছেন। মৃত্যুকালে তিনি ৩ মেয়েসহ বহু আত্মীয়-স্বজন ও শুভাকাঙ্খী রেখে গেছেন। জানা গেছে, ১৯৮২ সালে শংকর সাহা প্রতিষ্ঠিত করেন 'শংকর মিষ্টান্ন ভান্ডার'। সেই থেকে টানা ৪২ বছর সুনামের সহিত ব্যবসা পরিচালনা করে আসছেন। শংকর সাহার মৃত্যুতে শংকর মিষ্টান্ন ভান্ডার গতকাল বৃহস্পতিবার বন্ধ রাখা হয়।

## অপপ্রচার রোধে

বৃহস্পতিবার দুপুরে সচিবালয়ে তথ্য প্রতিমন্ত্রীর নিজ দপ্তরে বাংলাদেশে নিযুক্ত ভারতের হাইকমিশনার প্রণয় কুমার ভার্মার সঙ্গে সৌজন্য সাক্ষাৎ শেষে সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে তিনি এ এসব কথা বলেন।

প্রতিমন্ত্রী বলেন, বাংলাদেশ এবং ভারতের মধ্যে যেসব কো-অপারেশন আছে, সেসব নিয়ে আলোচনা হয়েছে। বিশেষ করে বিটিভিতে দুই ঘণ্টার একটি চাংক নিয়ে আমরা আন্তর্জাতিক সংবাদ বিশ্লেষণ, চলমান ঘটনাপ্রবাহ এবং সংবাদ উপস্থাপনা শুরু করতে যাচ্ছি। সেক্ষেত্রে ভারতের যে সংবাদ সংস্থাগুলো আছে, বিশেষ করে এএনআইয়ের সঙ্গে কোলাবরেশন করা যায় কি-না, তা নিয়ে আলোচনা হয়েছে। তিনি বলেন, যেহেতু বিটিভি ইন্ডিয়াতে দেখানো হয়, সেহেতু দুই ঘণ্টার এ চাংক আমরা ধীরে ধীরে দুই, তিন, চার ঘণ্টা পর্যন্ত বাড়াবো। আমরা আন্তর্জাতিক মানদণ্ড অনুযায়ী করতে চাচ্ছি, যেখানে দক্ষিণ এশিয়ার বিভিন্ন দেশের খবর থাকবে, এর বাইরেও বিভিন্ন দেশের খবর থাকবে। এখানে আমরা চেষ্টা করব ভারতীয় দর্শকদের আকৃষ্ট করতে। এ ছাড়া ইন্ডিয়ান ফিল্ম অ্যান্ড টেলিভিশন নিয়ে ইনস্টিটিউশন আছে, তাদের সঙ্গে কোলাবরেশন করা, বিভিন্ন ধরনের প্রোগ্রাম ও ট্রেনিং করা। সম্প্রতি 'মুজিব' শিরোনামের যে সিনেমাটি সহ-প্রযোজনা হয়েছে, এমন অন্য কোনো সিনেমায় সহ-প্রযোজনার সুযোগ আছে কি-না।

ভারতের সিনেমা যেহেতু বাংলাদেশের বাজারে চলে সেহেতু বাংলাদেশেরও ভালো মানের সিনেমা ভারতে চালানো যায় কি-না, এমন প্রশ্নের জবাবে প্রতিমন্ত্রী বলেন, দর্শককে জোর করে কিছু দেখানো যায় না। বাজারে কোনো জিনিসের চাহিদা থাকলে তা স্বয়ংক্রিয়ভাবেই যাবে-আসবে। সিনেমা যেহেতু প্রোডাক্ট, সেহেতু ভারতের বাজারে দর্শক থাকলে অবশ্যই যাবে। ভারতের নির্বাচন ইস্যুতে কোনো আলাপ হয়েছে কি-না, এমন প্রশ্নের জবাবে তিনি বলেন, ভারতের নির্বাচনকে কেন্দ্র করে কোনো আলোচনা হয়নি। বিশ্বের অন্যতম জনবহুল এ দেশে এত দীর্ঘ সময় ধরে নির্বাচন কেনো করা হয়, কোন পদ্ধতিতে নির্বাচন করা হয়, এসব নিয়ে বেসিক কিছু আলোচনা হয়েছে।

প্রতিমন্ত্রী বলেন, যে বিষয়গুলো নিয়ে আমাদের আরও কো-অপারেশনের সুযোগ আছে, সেসব নিয়ে আমরা আলোচনা করেছি। আমি মনে করি- বাংলাদেশ এ বিষয়ে বেশি লাভবান হবে। কারণ ভারতের ফিল্মে, টেলিভিশনে বা অন্যান্য জায়গায় যে অভিজ্ঞতা আছে, তা আমরা যত বেশি নেয়ার চেষ্টা করা যায়। এসব দেশের উন্নয়নের জন্য জরুরি।

## রাজবাড়ীর চারটি উপজেলায়

বিকালে পাংশা উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা মোঃ শাহাদাৎ হোসেনের সভাপতিত্বে এবং ভেটেরিনারি সার্জন ডাঃ মোঃ মোত্তালেব আলীর উপস্থাপনায় পুরস্কার বিতরণ ও সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে ডাঃ প্রকাশ রঞ্জন বিশ্বাস বক্তব্য রাখেন।

বিভিন্ন ক্যাটাগরিতে পুরস্কার প্রাপ্তরা হলেন, সাইফুল ইসলাম, জালাল মোল্লা ও হাবিবর (গরু/মহিষ/ঘোড়া প্রদর্শনীর স্টল), মুর্শিদা খাতুন, মোঃ শাকিল ও মিজানুর রহমান (ছাগল ও ভেড়া প্রদর্শনীর স্টল), মোঃ আবু সাঈদ, মোঃ মুক্তার ও মফিজুর রহমান (হাঁস/মুরগী/পাখি/কবুতর প্রদর্শনীর স্টল), রাজু আহমেদ(প্রাণিসম্পদ বিষয়ক প্রযুক্তি/পণ্য প্রদর্শনীর স্টল), আব্দুর রাজ্জাক ও সুরুজ বিশ্বাস (বিশেষ পুরস্কার)।

উন্নত জাতের গাভী, মহিষ, অধিক উৎপাদনশীল ছাগল ও ভেড়া (যমুনা পাড়ি ও তোতাপুরি), উন্নত প্রজাতির মুরগী ও হাঁস (টাইগার ও ব্রাহমা), অর্নামেন্টাল পাখি ও কবুতর(লাক্ষা ক্যালটেইল, বাজিগর ও হোমার), আধুনিক প্রযুক্তি মিল্কিং মেশিন প্রভৃতির অর্ধশত স্টলে বিভিন্ন প্রাণি ও প্রযুক্তি প্রদর্শন করা হয়।

**গোয়ালন্দ প্রতিনিধি ঃ** উপজেলার খামারীদের উদ্বুদ্ধ করতে জাঁকজমকপূর্ণ আয়োজনে সকালে গোয়ালন্দ উপজেলা মাঠ চত্বরে প্রাণি সম্পদ সেবা সপ্তাহ-২০২৪ উদ্বোধন ও প্রদর্শনী মেলা অনুষ্ঠিত হয়েছে।

উদ্বোধনী অনুষ্ঠানে গোয়ালন্দ উপজেলা নির্বাহী অফিসার জ্যোতি বিকাশ চন্দ্র, উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা ডাঃ মোঃ রাশেদুজ্জামান মিয়া, গোয়ালন্দ ঘাট থানার অফিসার ইনচার্জ প্রাণবন্ধু চন্দ্র বিশ্বাস, গোয়ালন্দ সরকারী কামরুল ইসলাম কলেজের অধ্যক্ষ প্রফেসর মোঃ আয়ুব আলী সরদার, রাবেয়া ইদ্রিস মহিলা কলেজের অধ্যক্ষ আঃ কাদের শেখ, উজানচর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মোঃ গোলজার হোসেন মৃধাসহ প্রমুখ উপস্থিত ছিলেন।

এ প্রদর্শনী মেলায় ৪৭টি স্টলে উপজেলার বিভিন্ন এলাকা থেকে খামারীরা তাদের পালনকৃত উন্নত জাতের গরু, ছাগল, হাঁস, মুরগি, কবুতরসহ বিভিন্ন প্রজাতির পশু-পাখি নিয়ে অংশগ্রহণ করে। এসময় মেলাতে অংশ নেয়া প্রতিটি স্টল পরিদর্শন করেন উদ্বোধনী অনুষ্ঠানের অতিথিবৃন্দরা।

পরে বিকালে অংশগ্রহণকারী খামারীদের ৩টি ক্যাটাগরীতে পুরস্কার বিতরণের মধ্য দিয়ে এ প্রদর্শনী মেলার সমাপ্ত হয়।

**কালুখালী প্রতিনিধি ঃ** 'প্রাণিসম্পদে ভরবো দেশ-গড়বো স্মার্ট বাংলাদেশ' এই প্রতিপাদ্যকে সামনে রেখে সারা দেশের ন্যায় কালুখালী উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেনারি হাসপাতালের আয়োজনে প্রাণিসম্পদ সেবা সপ্তাহ ও প্রদর্শনী-২০২৪ অনুষ্ঠিত হয়।

কালুখালী উপজেলা নির্বাহী অফিসার মহুয়া আফরোজের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে রাজবাড়ী কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ-পরিচালক আবুল কালাম আজাদ, উপজেলা কৃষি কর্মকর্তা পূর্ণিমা হালদার, জেলা পরিষদের সদস্য মোঃ ইউসুফ হোসেন মোল্লা, রতনদিয়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মেহেদী হাসিনা পারভীন নিলুফা বক্তব্য রাখেন।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন কালুখালী উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা ডঃ সাইফ উদ্দিন আহমেদ। প্রদর্শনীতে গবাদি পশু, পোল্ট্রি, সৌখিন পাখি, পোষা প্রাণী, দুগ্ধ জাতপণ্য, প্রাণিসম্পদ প্রযুক্তি এবং সংশ্লিষ্ট উদ্যোক্তাগণ অংশগ্রহণ করে।

বালিয়াকান্দি প্রতিনিধি ঃ সকালে বালিয়াকান্দি উপজেলা প্রাণি সম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতালের আয়োজনে উপজেলার শেখ রাসেল মিনি স্টেডিয়ামে প্রাণিসম্পদ সেবা সপ্তাহ উপলক্ষ্যে আলোচনা সভা ও প্রদর্শনী অনুষ্ঠিত হয়।

বালিয়াকান্দি উপজেলা নির্বাহী অফিসার রফিকুল ইসলামের সভাপতিত্বে আলোচনা সভায় বিশেষ অতিথি হিসেবে উপজেলা সহকারী কমিশনার(ভূমি) হাসিবুল হাসান, উপজেলা কৃষি অফিসার কৃষিবিদ রফিকুল ইসলাম ও মেডিকেল অফিসার ডাঃ সজল সোম বক্তব্য রাখেন।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন বালিয়াকান্দি উপজেলা প্রাণি সম্পদ অফিসার ডাঃ মানবেন্দ্রো মজুমদার। আলোচনা সভা শেষে প্রদর্শনীর বিভিন্ন স্টল পরিদর্শন করে অতিথিবৃন্দরা।

## ভিক্ষুক জাতির

যাত্রা শুরু করেছিলাম। তখন রিজার্ভ মানিও তেমন ছিলো না। আবার ইনফ্লেশনও (মূল্যস্ফীতি) অনেক বেশি ছিলো। এশিয়াতে তখন খাদ্যমন্দা। ওই অবস্থায় যাত্রা শুরু করে আমাদের লক্ষ্য ছিলো যে, আমরা কারও কাছে হাত পেতে চলবো না। নিজের ফসল নিজে উৎপাদন করবো। তার কারণ হলো জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিব সবসময় বলতেন যে, আমরা কারও কাছে ভিক্ষা চাইবো না। কারণ ভিক্ষুক জাতির ইজ্জত থাকে না। তিনি বলেন, ভিক্ষুক জাতির কখনও ইজ্জত থাকে না। কাজেই আমরা মান-সম্মান নিয়েই বিশ্ব দরবারে মাথা উঁচু করে চলতে চাই। আর সেই আদর্শ নিয়েই কিন্তু আমরা দেশকে এগিয়ে নিয়ে যাওয়ার পদক্ষেপ নিয়েছি।

## ওয়াশিংটনে বাংলাদেশ

মহামান্য রাষ্ট্রপতি মোঃ সাহাবুদ্দিন ও মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা প্রদত্ত বাণী পাঠ করে শোনান মিনিস্টার(কর্মাস) মোঃ সেলিম রেজা ও ফার্স্ট সেক্রেটারি অহিদুজ্জামান নুর।

এরপর 'মুজিবনগর ঃ বাংলাদেশের প্রথম রাজধানী' শীর্ষক একটি প্রামাণ্যচিত্র প্রদর্শন করা হয় এবং দিবসটির তাৎপর্য তুলে ধরে 'বাংলাদেশের অভ্যুদয়ে মুজিবনগর সরকার' শীর্ষক একটি সেমিনার অনুষ্ঠিত হয়।

সেমিনারের আলোচনায় অংশ নিয়ে রাষ্ট্রদূত ইমরান জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান, জাতীয় চার নেতা এবং ত্রিশ লক্ষ শহিদের প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করেন। তিনি বলেন, মুজিবনগর দিবস বাংলাদেশের স্বাধীনতা সংগ্রাম ও মুক্তিযুদ্ধের ইতিহাসে অনন্য এক দিন এবং মুজিবনগর বাঙালি জাতির বীরত্বের প্রতীক।

তিনি আরো বলেন, স্বাধীন বাংলাদেশের প্রথম সরকার মুক্তিযুদ্ধে নেতৃত্বদানের ক্ষেত্রে তাদের ওপর অর্পিত দায়িত্ব অত্যন্ত নিষ্ঠা, দক্ষতা এবং আন্তরিকতার সঙ্গে পালন করেছে এবং স্বাধীন বাংলাদেশের পক্ষে আন্তর্জাতিক মতামতকে সুসংহত করেছে।

রাষ্ট্রদূত বলেন, মুজিবনগর সরকার ও বাংলাদেশের স্বাধীনতা একই সূত্রে গাঁথা, এবং মুজিবনগর সরকারের সাফল্যের ধারাবাহিকতায় বাংলাদেশ সকল ক্ষেত্রে অভাবনীয় অগ্রগতি অর্জন করেছে। তিনি প্রবাসী বাংলাদেশিসহ সংশ্লিষ্ট সকলকে এই সাফল্য গাঁথা সারা বিশ্বে ছড়িয়ে দেওয়ার আহ্বান জানান। রাষ্ট্রদূত ইমরান বাঙালি জাতির হাজার বছরের গৌরবোজ্বল ইতিহাস নতুন প্রজন্মসহ সকলের ভালোভাবে জানার ওপর গুরুত্বারোপ করে বলেন, এটি জাতিকে মাথা উঁচু করে এগিয়ে নিয়ে যাওয়ার শক্তি ও প্রেরণা জোগাবে। তিনি মহান মুক্তিযুদ্ধের চেতনা ও বঙ্গবন্ধুর আদর্শে উদ্বুদ্ধ হয়ে ক্ষুধা ও দারিদ্র্যমুক্ত উন্নত ও সমৃদ্ধ সোনার বাংলা ও স্মার্ট বাংলাদেশ গড়তে সবাইকে একসাথে কাজ করার অনুরোধ জানান। কাউন্সেলর(পলিটিক্যাল) আরিফা রহমান রুমা সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন এবং ঐতিহাসিক এই দিবসের প্রেক্ষাপট ও গুরুত্ব বিস্তারিতভাবে তুলে ধরেন। তিনি মন্তব্য করেন বাংলার শোষিত, নিপীড়িত ও নির্যাতিত মানুষের মুক্তির আকাঙ্খাকে সঠিক খাতে প্রবাহিত করে অভ্যন্তরীণ ও বৈদেশিক সমর্থনের মাধ্যমে স্বাধীনতা অর্জন ছিল মুজিবনগর সরকারের সবচেয়ে বড় সাফল্য।

এরপর জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান, জাতীয় চারনেতা এবং মুক্তিযুদ্ধে জীবনদানকারী সকল শহিদের আত্মার শান্তি ও মাগফেরাত এবং বাংলাদেশের উত্তরোত্তর শান্তি, সমৃদ্ধি ও অগ্রগতি কামনা করে একটি বিশেষ মোনাজাতের মাধ্যমে দিনের কর্মসূচী শেষ হয়। কর্মসূচী পরিচালনা করেন ফার্স্ট সেক্রেটারি আতাউর রহমান।

সু-খবর! বিস্‌মিল্লাহির রাহ্‌মানির রাহিম সু-খবর!!
রাজবাড়ী কনভেনশন সেন্টার এন্ড গেষ্ট হাউজ-এর বুকিং চলিতেছে
সম্মানিত এলাকাবাসী, আসসালামু আলাইকুম,
রাজবাড়ী কনভেনশন সেন্টার এন্ড গেষ্ট হাউজ এর পক্ষ থেকে আন্তরিক মোবারকবাদ ও শুভেচ্ছা নিন। জেনে খুশি হবেন যে, রাজবাড়ীর প্রানকেন্দ্র, নান্নু টাওয়ার, পান্না চত্বর, (মক্তব মোড়) প্রধাণ সড়কে আধুনিক সুযোগ-সুবিধা সম্মিলিত, সম্পূর্ণ শীতাতপ নিয়ন্ত্রিত, ২৪ ঘন্টা বিদ্যুৎ, লিফট, ইন্টারনেট, গাড়ী পার্কিং এর ব্যবস্থা সহ কমিউনিটি হল ও আবাসিক হোটেলের সু-ব্যবস্থা নিয়ে আমাদের এই পথ চলা শুরু।
তাই আর দেরি না করে, আজেই আপনার কাঙ্খিত যেকোন সামাজিক অনুষ্ঠান পরিচালনার জন্য কমিউনিটি সেন্টার ও আবাসিক হোটেলে রাত্রি যাপনের জন্য রুম বুক করুন।
আমাদের সেবাসমূহ ঃ
- সম্পূর্ণ শীতাতপ নিয়ন্ত্রিত অত্যাধুনিক সু-বিশাল হল রুম।
- গায়ে হলুদ, বিয়ে, বৌ-ভাত, জন্মদিন, সভা-সেমিনার সহ সকল প্রকার সামাজিক অনুষ্ঠানের সু-ব্যবস্থা আছে।
- হোটেলে অবস্থানকারীদের জন্য সার্বক্ষণিক ঠান্ডা ও গরম পানির ব্যবস্থা।
- সার্বক্ষণিক নিরাপত্তার সু-ব্যবস্থা আছে।
- বিদ্যুৎ লোডশেডিং-এ নিজস্ব অত্যাধুনিক জেনারেটরের ব্যবস্থা।
- আধুনিক ও রুচিসম্মত সেফ দ্বারা রান্নার সু-ব্যবস্থা আছে।
- আধুনিক ও মানসম্মত কিচেনে রান্নার সু-ব্যবস্থা আছে।
- যেকোন সামাজিক অনুষ্ঠানের জন্য দেশীয় খাবারের সু-ব্যবস্থা আছে।

যোগাযোগ ঃ
রাজবাড়ী কনভেনশন সেন্টার এন্ড গেষ্ট হাউজ
৪র্থ ও ৫ম তলা, নান্নু টাওয়ার, পান্না চত্বর, (মক্তব মোড়) প্রধাণ সড়ক, রাজবাড়ী।
মোবাঃ ০১৩৩০-৬৪ ৩০ ৯৫
০১৩৩০-৬৪ ৩০ ৯৬